ই'দাদ

একটি ভুলে যাওয়া ফরয

মুফতি

আব্দুল ওয়াহহাব (হাফিযাহুল্লাহ)

বিসমিল্লাহির রাহমানির রাহীম

জিহাদের সামর্থ্য না থাকলে **ই’দাদ** (জিহাদের প্রস্তুতি) ফরয।

ই’দাদ দুই প্রকারঃ

এক. ই’দাদে ঈমানী তথা শরয়ী দৃষ্টিকোণ থেকে জিহাদ বুঝা।

জিহাদ সংক্রান্ত প্রয়োজনীয় মাসআলা-মাসায়েল জেনে নেওয়া এই ফরযের অন্তর্ভুক্ত। যেমন, জিহাদ কখন ফরযে কিফায়া থাকে, কখন ফরযে আইন হয়, কার কার বিরুদ্ধে জিহাদ করতে হবে, কাকে হত্যা করা যাবে, কাকে হত্যা করা যাবে না- ইত্যাদী।

দুই. ই’দাদে মা-দ্দী / ই’দাদে আসকারী তথা সামরিক প্রস্তুতি।

এই উভয় প্রকার ই’দাদ ফরয এবং তা সকল মুসলমানের উপর ফরয।

সামরিক প্রস্তুতির কথা তো বলাই বাহুল্য। কারণ, সামরিক প্রস্তুতি ব্যতীত শত্রুর মোকাবেলা সম্ভব নয়। তদ্রূপ ই’দাদে ঈমানীও জরুরী। কারণ সহীহ ইলম না থাকলে জিহাদকে শরীয়ত সম্মত পন্থায় চালানো সম্ভব নয়।

তবে এক্ষেত্রে মনে রাখতে হবে, জিহাদে যে যেই কাজ করবে ঐ কাজের জন্য আবশ্যক পরিমাণ ইলম তার জন্য ফরয। বাকি অন্যান্য বিষয়ের ইলম ফরয নয়। আর এ পরিমাণ ইলম হাসিলের জন্য যে খুব বেশি সময়ের প্রয়োজন হবে না তা আর বুঝিয়ে বলার প্রয়োজন নেই। অল্প কিছু দিনে এবং কাজের ফাঁকে ফাঁকে তা শিখে নেয়া যাবে। অতএব, ইলম অর্জনের বাহানা ধরে ফরযে আইন জিহাদ তরক করার কোন সুযোগ নেই।

তবে হ্যাঁ, জিহাদকে শরয়ী ত্বরীকায় চালানোর জন্য যে বিস্তারিত ইলমের প্রয়োজন তার জন্য একদল বিশেষজ্ঞ ওলামা আবশ্যক। আমীরের পক্ষ থেকে যাদেরকে এ কাজের দায়িত্ব দেয়া হবে তারা সর্বক্ষণ ইলমী গবেষণা ও তা’লিম তাআল্লুমের কাজে ব্যস্ত থাকবে। আমীরের অনুমতি ছাড়া নিজে থেকেই ইলমী গবেষণার দায়িত্ব নিয়ে নিয়ে জিহাদের ময়দান পরিত্যাগ করার কোনো সুযোগ নেই। এ ধরণের কাজ জিহাদ বলে গণ্য হবে না, বরং খাহেশাত ও কুপ্রবৃত্তির অনুসরণ বলে গণ্য হবে।

যতদিন খেলাফত কায়েম ছিল ততদিন ই’দাদের বিষয়টা সুস্পষ্টই ছিল। কিন্তু খেলাফতের পতনের পর যখন কুফরী শাসন আসে তখন থেকে ই’দাদের বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু হয়। শয়তানের ওহী, মুরতাদ শাসকদের কূটনীতিক চাল, ওলামায়ে সূ এবং ওলামায়ে সালাতীন তথা দরবারি আলেমদের বিকৃতি ও অপপ্রচারের কারণে উম্মাহ আজ ই’দাদের ফরয যেন ভুলে গেছে। আজ মনে হয় আমাদের দেশগুলোর মত দেশের ৯৮% মুসলমান জানে না যে, ই’দাদ একটা ফরয।

বিশেষত দেশের অধিবাসীদেরকে সামরিক ও বেসামরিক এই দুই ভাগে ভাগ করে ফেলার কারণে জনসাধারণের মাথা থেকে ই'দাদের বিষয়টা একেবারেই দূর হয়ে গেছে। সামরিক ট্রেনিং নেয়া, রণকৌশল আয়ত্ব করা, অস্ত্র চালনা শিখা – ইত্যাদী বিষয় সেনাবাহিনী সহ রাষ্ট্রের অন্যান্য সশস্ত্র বাহিনীর দায়িত্ব হয়ে গেছে। জনসাধারণ শুধু এসবের প্রদর্শনী দেখবে। আর কোন দায়িত্ব তাদের নেই। এখন দেশের উপর আঘাত আসলেও যেমন তা প্রতিহত করা সেনাবাহিনীর দায়িত্ব, ধর্মের উপর আঘাত আসলেও তা দেখার দায়িত্ব সরকারের এবং সেনাবাহিনীর। জনসাধারণ এসব থেকে মুক্ত।

এই আকীদা যে শুধু জনসাধারণের তাই নয়, বরং অনেক বড় বড় প্রসিদ্ধ আলেম, মুফতী, মুহাদ্দিস ও শাইখুল হাদিসেরও একই আকীদা।

আর তাগুতদের এটা একটা বড় সফলতা যে, ই'দাদের কথা জনসাধারণকে ভুলিয়ে দিতে পেরেছে। এখন একতো জনসাধারণ সামরিক ট্রেনিং নিতে আগ্রহী হবে না। কেননা একে তারা আল্লাহ তাআলার পক্ষ থেকে নাযিলকৃত ফরয মনে করে না। দ্বিতীয়ত তাগুতরা যাদেরকে তাদের বাহিনীতে ভর্তি করবে তারাই শুধু ট্রেনিংয়ের সুযোগ পাবে। এতে একদিকে জনগণের পক্ষ থেকে তাগুতদের বিরুদ্ধে বিদ্রোহের আশঙ্কা যেমন আর থাকছে না, অপরদিকে তাগুতরা তাদের উপযোগী লোকদেরকে সেনাবাহিনীতে ভর্তি করে তাদের কুফরী বাহিনীকে মজবুত থেকে মজবুত করার পরিপূর্ণ সুযোগ পাচ্ছে। আর এভাবে তারা যুগ যুগ ধরে তাদের কুফরী শাসন ব্যবস্থাকে বিনা বাধায় টিকিয়ে রাখতে পারছে।

এই পরিস্থিতির প্রতি খেয়াল করে ই'দাদের ব্যাপারে সহীহ ইলমটুকু জনসাধারণের কাছে তুলে ধরা জরুরী মনে করছি।

ই'দাদের ব্যাপার প্রচলিত সংশয়ঃ

ই'দাদের ব্যাপারে অনেক সংশয় প্রচলিত রয়েছে। এর মধ্যে প্রধান কয়েকটি নিম্নরূপঃ

এক) আমাদের উপর জিহাদই ফরয নয়। আর জিহাদই যখন ফরয নয় তখন ই'দাদ ফরয হওয়ার তো প্রশ্নই আসে না।

জিহাদ ফরয নয় কারণ, আমাদের জিহাদ করার সামর্থ্য নেই। আর জিহাদের সামর্থ্য না থাকলে জিহাদ ফরয হয় না।

যেমন, হজ্ব একটি ফরয বিধান। কিন্তু যার হজ্ব করার সামর্থ্য নেই তার উপর হজ্ব ফরয নয়। আর যার উপর হজ্ব ফরয নয় তার উপর হজ্বের প্রস্তুতি নেয়াও ফরয নয়। হজ্ব করতে পারা যায় এই পরিমাণ টাকা পয়সা উপার্জন করা তার উপর ফরয নয়। জিহাদের ক্ষেত্রেও তেমনি। জিহাদ যেহেতু ফরয নয়, জিহাদ করতে পারা যায় এরকম সামর্থ্য অর্জন করাও ফরয নয়। বেশির চেয়ে বেশি একথা বলা যায়, শত্রু আক্রমণ করে বসলে জিহাদ তো ফরয হয়ে যায়, কিন্তু সামর্থ্য না থাকলে তা আদায় করতে হয় না। আমাদের হালতও তেমনি। জিহাদ তো ফরয হয়েছিল, কিন্তু সামর্থ্য না থাকার কারণে জিহাদ করা এখন আর ফরয নয়। যেমন, কারো

উপর হজ্ব ফরয হলো, কিন্তু হজ্ব করার আগে আগেই কোনভাবে তার মাল ধ্বংস হয়ে গেল। তাহলে এখন আর তার উপর হজ্ব করা ফরয নয়। এমনকি মাল থাকা অবস্থায় তার উপর যে হজ্ব ফরয হয়েছিল তা আদায় করার জন্য এখন আর মাল অর্জন করাও ফরয নয়। তদ্রূপ শত্রু আক্রমণ করার কারণে আমাদের উপর জিহাদ তো ফরয হয়েছিল, কিন্তু সামর্থ্য না থাকার কারণে এখন আর জিহাদ করা আমাদের উপর ফরয নয়। জিহাদ যেমন ফরয নয়, জিহাদের করার জন্য ই’দাদ করাও ফরয নয়। যেমন হজ্ব আদায় করার জন্য মাল ধ্বংস হয়ে যাওয়ার পর নতুন করে মাল কামাই করা ফরয নয়।

দুই) ই’দাদ ব্যক্তিগত কোন কাজ নয়। বরং তা রাষ্ট্রীয় দায়িত্ব। বর্তমানে যেহেতু মুসলমানদের হাতে কোন রাষ্ট্র নেই, কাজেই সাধারণ মুসলমানের উপর ই’দাদ ফরয নয়। মুসলমানদের হাতে যখন রাষ্ট্র আসবে তখন রাষ্ট্রীয়ভাবে ই’দাদ করা হবে। এর আগ পর্যন্ত ই’দাদ ফরয নয়।

তৃতীয় আরেকটি সংশয় যা আছে তা অত্যন্ত ভয়াবহ। যেটি মুসলমানকে ঈমানের গন্ডি থেকে বের করে দেয়। আমি আমার আহলে ইলম একজন উস্তাদের কাছ থেকে শুনেছি, এক মাদ্রসার শাইখুল হাদিস না’কি - وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ (আর তাদের মোকাবেলার জন্য তোমাদের সামর্থ্য অনুযায়ী শক্তি ও অশ্ববাহিনী প্রস্তুত কর) এই আয়াতের ব্যাখ্যা করতে গিয়ে বলেছে, ‘ই’দাদ করা হারাম। কারণ তা তাওয়াক্কুলের পরিপন্থি।’

ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন! যারা ই’দাদকে হারাম মনে করে তারা ঈমানদার থাকার কথা নয়। কারণ যেখানে আল্লাহ তাআলার হালালকৃত কোন বিষয়কে হারাম মনে করলে মুরতাদ হয়ে যায়, সেখানে অকাট্য ফরযকে হারাম মনে করলে ঈমান থাকবে কীভাবে?! ইসলামী শাসন কায়েম থাকলে এ ধরণের ব্যক্তিদের শিরোচ্ছেদ করা হতো। কিন্তু ইসলামী শাসন যেহেতু কায়েম নেই তখন কী আর করবো? এদের ব্যাপারে শুধু ঐ কথাটাই বলবো ‘কারামেত্বা’ ও ‘বাতেনিয়্যাহ’দের ব্যাপারে ইমাম জাসসাস রহ. যা বলে গিয়েছিলেন।
তিনি বলেছিলেন-

وأما قوله عليه الصلاة والسلام ...: "قاتلوا من كفر بالله": فإنه يدل على وجوب قتال جميع أصناف الكفار وقتلهم، وأن أحدًا منهم لا يقر على ما هو عليه من الكفر إلا بالجزية ممن يجوز أخذ الجزية منهم، وإلا: فالإسلام أو السيف، كنحو من يعطي الإقرار بجملة التوحيد وتصديق النبي عليه الصلاة والسلام، وينقصه برد النصوص، مثل القرامطة المتسمية بالباطنية، فإن استحقاق القتل لا يزوال عنهم بزعمهم أنهم مقرون بجملة التوحيد والنبوة ... وكذلك أشباههم من سائر الملحدين ... فأردنا أن نبين حكمهم، لكي إن اتفق في مستقبل الزمان إمام للمسلمين يغضب لدين الله تعالى، أن يتلاعب به الملحدون، أو يسعوا في إطفاء نوره: أجرى عليهم حكم الله، وإن كان وجود ذلك بعيدًا في عصرنا، والله تعالى ولي دينه، وناصر شريعته.اھ

[রাসূল আলাইহিস সালাতু ওয়াস সালামের বাণী- "قاتلوا من كفر بالله" (যে আল্লাহ তাআলার সাথে কুফরী করেছে তার বিরুদ্ধে কিতাল কর) বুঝাচ্ছে যে, সব শ্রেণীর কাফেরের বিরুদ্ধে কিতাল করা এবং তাদেরকে কতল করা ফরয। তাদের কাউকেই তার কুফরের উপর বহাল রাখা যাবে না। যার থেকে জিযিয়া নেয়া জায়েয তার থেকে জিযিয়া নেয়া হবে। এছাড়া বাকিদের থেকে ‘হয়তো ইসলাম নতুবা তরবারি’ ব্যতীত অন্য কিছু গ্রহণ করা হবে

না। যেমন- যারা তাওহীদ এবং রাসূল আলাইহিস সালাতু ওয়াস সালামের সত্যায়নের মৌখিক স্বীকৃতি তো দেয়, কিন্তু (শরীয়তের) নুসূসকে প্রত্যাখ্যান করার দ্বারা তা ভঙ্গ করে। যেমন- ‘বাতেনিয়্যাহ’ নামধারী ‘কারামেত্বা’রা। কেননা শুধু তাওহীদ ও নবুওয়্যাতের স্বীকৃতি দেওয়ার কারণেই তাদের থেকে তাদের প্রাপ্য হত্যার বিধান দূর হয়ে যাবে না। ... এ জাতীয় অন্য সকল মুলহিদের বিধানও এমনই। ... আমি এদের বিধান বর্ণনা করে যাওয়ার ইচ্ছা এ জন্য করেছি যে, ভবিষ্যতে যদি মুসলমানদের এমন কোন ইমাম আসেন যিনি মুলহিদদেরকে আল্লাহ তাআলার দ্বীন নিয়ে ছিনি-মিনি খেলতে দেখে এবং তার নূরকে নিভিয়ে দেয়ার অপচেষ্টায় লিপ্ত দেখে ফোঁসে উঠবেন : তাহলে তিনি যেন তাদের উপর আল্লাহ তাআলার বিধান জারি করতে পারেন। যদিও আমাদের বর্তমান যমানায় এমন ইমাম পাওয়া দূরুহ ব্যাপার। আল্লাহ তাআলাই তাঁর দ্বীনের রক্ষক। তাঁর শরীয়তের হেফাজতকারী।]
[শরহু মুখতাসারিত ত্বহাবীঃ ৭/৪১-৪৩]

সংশয় নিরসনঃ

১নং সংশয়ঃ

১নং সংশয়ের ভিত্তি দু’টি বিষয়ের উপর:

এক. আমাদের জিহাদের সামর্থ্য নেই। কাজেই আমাদের উপর জিহাদ ফরয নয়। জিহাদ যেহেতু ফরয নয় ই’দাদও ফরয নয়।

দুই. জিহাদকে হজ্বের সাথে তুলনা করে হজ্বের বিধানকে জিহাদের উপর ফিট করা।

সংক্ষেপ কথায় এই সংশয় নিরসনকল্পে বলবো:

সামর্থ্য আছে কি নাই তা নির্ধারণ করবে শরীয়ত। শরীয়ত যাকে সামর্থ্যবান বলবে সেই সামর্থ্যবান, যদিও সে নিজেকে সামর্থ্যহীন মনে করে।

আমরা দেখি, শরীয়তসম্মত ওজর থেকে মুক্ত প্রত্যেক বালেগ পুরুষকে শরীয়ত সামর্থ্যবান বলে ধরেছে। [ওজরের আলোচনা সামনে আসবে ইনশাআল্লাহ!] অতএব, শরীয়তসম্মত ওজরবিশিষ্ট ব্যক্তি ব্যতীত বাকি সকল বালেগ পুরুষের উপর জিহাদ ফরয।

দ্বিতীয়ত: জিহাদকে হজ্বের সাথে তুলনা করা নিতান্তই ভুল। জিহাদ হজ্বের মত নয়; বরং জিহাদ –

১.ঋণের মত। ঋণগ্রস্থ ব্যক্তির উপর ঋণ পরিশোধ করা ফরয। যদি এই মূহুর্তে পূর্ণ ঋণ পরিশোধের সামর্থ্য না থাকে তাহলে এখন যতটুকু পারে পরিশোধ করবে, কিন্তু বাকি ঋণ তার যিম্মায় থেকে যাবে। এই বাকি ঋণ পরিশোধের জন্য এখন তার উপর উপার্জন করা ফরয। সামর্থ্য নেই বাহানা ধরে বসে থাকার সুযোগ নেই। তদ্রূপ জিহাদ ঋণের মতো যিম্মায় থেকে যাবে। ই’দাদ করে সামর্থ্য হাসিল করে জিহাদ করতে হবে। সামর্থ্য নেই বাহানা ধরে বসে থাকার সুযোগ নেই।

২. নিজের জীবন বাঁচানো ফরয। কাজেই জীবন বাঁচে পরিমাণ খানা খাওয়া ফরয। খাদ্য সংকটে পতিত ক্ষুধায় জীবনের আশংকাগ্রস্ত ব্যক্তির জন্য খানা খেয়ে জীবন রক্ষা করা ফরয। এখন যদি তার কাছে খানা না থাকে,

তাহলে যদি সে উপার্জন করতে সক্ষম হয় তবে উপার্জন করে খানা হাসিল করে খেয়ে জীবন বাঁচানো ফরয। যদি উপার্জন করতে সক্ষম না হয় তাহলে অন্যের কাছে সওয়াল করতে হবে। যদি খানা নেই বাহানায় বসে থেকে মারা যায় তাহলে গুনাহগার হবে। 'খানা ছিল না' এই ওজর ধর্তব্য হবে না। জিহাদের বিষয়টাও এমনি। ইসলাম, ইসলামের ভূমি ও মুসলমানদের রক্ষা করা এবং কাফেরদের শক্তি চূর্ণ-বিচূর্ণ করে দেয়া ফরয। আর তা জিহাদ ছাড়া সম্ভব নয়। এ জন্যই আল্লাহ তাআলা জিহাদ ফরয করেছেন। যদি সামর্থ্য থাকে তাহলে এখনই জিহাদে নেমে যেতে হবে। আর সামর্থ্য না থাকলে সাধ্যমত সামর্থ্য অর্জন করে জিহাদে নামতে হবে। বসে থাকার সুযোগ নেই।

সংক্ষিপ্ত আলোচনার পর এবার কিছুটা বিশদ আলোচনায় আসা যাক।

সামর্থ্যের আলোচনা:

শরীয়ত দুই শ্রেণীর উপর জিহাদ ফরয করেনি:

১. নাবালেগ। কেননা নাবালেগ বালেগ হওয়া পর্যন্ত তার উপর শরীয়তের হুকুম–আহকাম পালনের দায়িত্ব আসে না।

২. মহিলা। কেননা, মহিলাদের শারীরিক গঠন জিহাদের উপযোগী নয়।

তবে শর্ত সাপেক্ষে তারাও যুদ্ধে বের হতে পারবে।

নাবালেগ ও মহিলা ব্যতীত শরয়ী ওজরমুক্ত বাকি সকল বালেগ পুরুষের উপর শরীয়ত জিহাদ ফরয করেছে।

জিহাদের সামর্থ্য দুই প্রকার:

১. জিহাদ বিন নফস-সশরীরে যুদ্ধ করার সামর্থ্য।

২. জিহাদ বিল মাল-জিহাদের কাজে মাল ব্যয় করার সামর্থ্য।

যে উভয়টার সামর্থ্য রাখে তার জন্য উভয়টা ফরয, যে একটার সামর্থ্য রাখে তার জন্য ঐটাই ফরয।

ইমাম জাসসাস রহ. বলেন:

وقوله: {وجاهدوا بأموالكم وأنفسكم في سبيل الله} فأوجب فرض الجهاد بالمال والنفس جميعا، فمن كان له مال وهو مريض أو مقعد أو ضعيف لا يصلح للقتال فعليه الجهاد بماله بأن يعطيه غيره فيغزو به، كما أن من له قوة وجلد، وأمكنه الجهاد بنفسه كان عليه الجهاد بنفسه، وإن لم يكن ذا مال ويسار بعد أن يجد ما يبلغه، ومن قوي على القتال، وله مال فعليه الجهاد بالنفس والمال، ومن كان عاجزا بنفسه معدما فعليه الجهاد بالنصح لله ولرسوله بقوله: {ليس على الضعفاء ولا على المرضى ولا على الذين لا يجدون ما ينفقون حرج إذا نصحوا لله ورسوله} .اه

"আল্লাহ তাআলার বাণী- (আর তোমরা তোমাদের মাল ও জান দিয়ে আল্লাহর রাস্তায় জিহাদ কর)। আল্লাহ তাআলা মাল ও জান উভয়টা দিয়ে জিহাদ করা ফরয করেছেন। যার মাল আছে কিন্তু সে অসুস্থ কিংবা পঙ্গু বা দুর্বল, যার ফলে সে কিতাল করার সামর্থ্য রাখে না, তার জন্য মাল দিয়ে জিহাদ করা ফরয। তা এভাবে যে, সে অন্যকে মাল দিয়ে দেবে। ঐ ব্যক্তি এ মাল দিয়ে যুদ্ধ করবে। আর যার শারীরিক শক্তি-সামর্থ্য আছে এবং যুদ্ধ করতে সক্ষম, সে যদি সম্পদশালী এবং প্রাচুর্যের অধিকারী নাও হয়, তবুও জিহাদে পৌঁছার মত খরচের ব্যবস্থা হয়ে গেলে তাকে যুদ্ধে শরীক হতে হবে। যে যুদ্ধ করতে সক্ষম এবং তার মালও আছে, তাকে জান ও

মাল উভয়টা দিয়ে জিহাদ করতে হবে। আর যে শারীরিক দিক থেকেও অক্ষম এবং তার মালও নেই, তার জন্য 'আন-নুসহু লিল্লাহি ওয়া রাসূলিহি'-'আল্লাহ ও তাঁর রাসূলের কল্যাণকামিতা'র মাধ্যমে জিহাদে শরীক হওয়া আবশ্যক। কেননা আল্লাহ তাআলা ইরশাদ করেন: (দুর্বল লোকদের জিহাদে না যাওয়াতে কোনও গুনাহ নেই এবং রুগ্ন ও সেই সকল লোকদেরও নয়, যাদের কাছে খরচ করার মত কিছু নেই, যদি তারা আল্লাহ ও তাঁর রাসূলের কল্যাণকামী হয়।)"

[আহকামুল কুরআন: ৩/১৫১]

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. বলেন:

والعاجز عن الجهاد بنفسه يجب عليه الجهاد بماله فى أصح قولى العلماء وهو احدى الروايتين عن أحمد فان الله أمر بالجهاد بالمال والنفس فى غير موضع من القرآن وقد قال الله تعالى فاتقوا الله ما استطعتم وقال النبى صلى الله عليه و سلم اذا أمرتكم بأمر فأتوا منه ما استطعتم أخرجاه فى الصحيحن فمن عجز عن الجهاد بالبدن لم يسقط عنه الجهاد بالمال كما ان من عجز عن الجهاد بالمال لم يسقط عنه الجهاد بالبدن.اه

"বিশুদ্ধ মতানুযায়ী ওলামায়ে কেরামের সিদ্ধান্ত হচ্ছে: শারীরিকভাবে জিহাদে অক্ষম ব্যক্তিকে তার মাল দিয়ে জিহাদ করতে হবে। এক বর্ণনা অনুযায়ী ইমাম আহমদ রহ. এরও একই মত। কেননা, আল্লাহ তাআলা কুরআনের একাধিক স্থানে মাল ও জান উভয়টা দিয়ে জিহাদ করতে আদেশ করেছেন। আল্লাহ তাআলা এও বলেছেন: (তোমরা তোমাদের সামর্থ্যানুযায়ী আল্লাহকে ভয় কর)। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন: (যখন আমি তোমাদেরকে কোন কিছুর আদেশ দেই, তার যতটুকু তোমাদের সাধ্যে কুলায় ততটুকু আদায় কর)। ইমাম বুখারী ও মুসলিম সহীহাইনে হাদিসটি বর্ণনা করেছেন। অতএব, যে ব্যক্তি শারীরিক জিহাদে অক্ষম তার থেকে মালের জিহাদ মাফ হয়ে যাবে না। যেমন মাল দিয়ে যে জিহাদ করতে অক্ষম তার থেকে শারীরিক জিহাদ মাফ হয়ে যায় না।"

[মাজমুউল ফাতাওয়া: ২৮/৮৭]

তিনি আরোও বলেন:

فمن كان له مال وهو عاجز ببدنه فليغز بماله ففى الصحيحين عن النبى انه قال من جهز غازيا فقد غزا ومن خلفه فى اهله بخير فقد غزا ومن كان قادرا ببدنه وهو فقير فليأخذ من اموال المسلمين ما يتجهز به سواء كان المأخوذ زكاة او صلة او من بيت المال او غير ذلك . اه

"যার মাল আছে কিন্তু সে শারীরিকভাবে জিহাদ করতে অক্ষম, সে মাল দিয়ে জিহাদ করবে। সহীহাইনে (অর্থাৎ বুখারী ও মুসলিমে) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণিত আছে: 'যে ব্যক্তি কোন যোদ্ধাকে (মাল দিয়ে যুদ্ধে যাওয়ার জন্য) প্রস্তুত করে দিল সেও যুদ্ধ করল। যে (মুজাহিদ যুদ্ধে চলে যাওয়ার পর) তার পরিবারকে উত্তমরূপে দেখা-শোনা করল সেও যুদ্ধ করল'।

আর যে শারীরিকভাবে সক্ষম কিন্তু গরীব, সে যুদ্ধে যাওয়ার প্রয়োজন পরিমাণ সম্পদ অন্যান্য মুসলমানদের থেকে গ্রহণ করবে। চাই উক্ত সম্পদ যাকাত হোক, দান হোক, বাইতুল মাল থেকে হোক বা অন্য কোন সম্পদ হোক।"

[মাজমুউল ফাতাওয়াঃ ২৮/৪২১]

অতএব,

- যে শারীরিকভাবে যুদ্ধ করতেও সক্ষম, জিহাদে মাল দিতেও সক্ষম, তার জন্য শারীরিকভাবে যুদ্ধ করা এবং জিহাদে মাল দেয়া উভয়টাই ফরয।
- যে শুধু মাল দিয়ে সহায়তা করতে সক্ষম, শারীরিকভাবে যুদ্ধ করতে অক্ষম, তার জন্য মাল দিয়ে সহায়তা করা ফরয।
- যে যুদ্ধ করতে সক্ষম, কিন্তু মাল দিতে সক্ষম নয়, তার জন্য শারীরিকভাবে যুদ্ধে শরীক হওয়া ফরয।
- যে যুদ্ধেও সক্ষম নয়, মাল দিয়ে সহায়তা করতেও সমর্থ্য নয়, সে পরিপূর্ণই মা’যুর। তার জন্য ‘আন-নুসহু লিল্লাহি ওয়া রাসূলিহি’-‘আল্লাহ ও তাঁর রাসূলের কল্যাণকামিতা’ ফরয। কল্যাণকামিতা কীভাবে হবে তা সামনে আসবে ইনশাআল্লাহ।

শরীয়তের দৃষ্টিতে মা’যুর-সামর্থ্যহীন কারা?

আল্লাহ তাআলা ইরশাদ করেন:

لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ غَيْرُ أُولِي الضَّرَرِ وَالْمُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فَضَّلَ اللَّهُ الْمُجَاهِدِينَ بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ عَلَى الْقَاعِدِينَ دَرَجَةً

“যে মুসলিমগণ কোনও ওজর না থাকা সত্বেও (যুদ্ধে যোগদান না করে বরং ঘরে) বসে থাকে, তারা ও আল্লাহর পথে নিজেদের জান ও মাল দিয়ে জিহাদকারীগণ সমান নয়। যারা নিজেদের জান ও মাল দিয়ে জিহাদ করে আল্লাহ তাদেরকে, যারা বসে থাকে তাদের উপর মর্যাদায় শ্রেষ্ঠত্ব দিয়েছেন।”

[সূরা নিসা: ৯৫]

অর্থাৎ স্বাভাবিক অবস্থায় জিহাদ যখন ফরযে কিফায়া থাকে তখন জিহাদে সক্ষমদের মধ্যে যারা জিহাদে বের হয় তাদের মর্যাদা, যারা বের হয় না তাদের চেয়ে বেশী। আর যারা মা’যুর-জিহাদে সক্ষম নয় তাদের উপর জিহাদ ফরয নয়।

এখানে কোন্ কোন্ ওজর থাকলে ব্যক্তি মা’যুর গণ্য হবে, ফলে তাদের উপর জিহাদ ফরয থাকবে না, তা উল্লেখ করা হয়নি। অন্য আয়াতে তা আলোচনা করা হয়েছে।

আল্লাহ তাআলা ইরশাদ করেন:

لَيْسَ عَلَى الْأَعْمَى حَرَجٌ وَلَا عَلَى الْأَعْرَجِ حَرَجٌ وَلَا عَلَى الْمَرِيضِ حَرَجٌ

“(যুদ্ধ না করাতে) অন্ধ ব্যক্তির জন্য কোন গুনাহ নেই, খোঁড়া ব্যক্তির জন্যও কোন গুনাহ নেই এবং রুগ্ন ব্যক্তির জন্যও কোন গুনাহ নেই।”

[সূরা ফাতহ: ১৭]

এখানে তিন শ্রেণীর মা’যুর ব্যক্তির কথা উল্লেখ করা হয়েছে:

১. অন্ধ।

২. খোঁড়া।

৩. রুগ্ন।

অন্য আয়াতে আল্লাহ তাআলা ইরশাদ করেন:

لَيْسَ عَلَى الضُّعَفَاءِ وَلَا عَلَى الْمَرْضَى وَلَا عَلَى الَّذِينَ لَا يَجِدُونَ مَا يُنْفِقُونَ حَرَجٌ إِذَا نَصَحُوا لِلَّهِ وَرَسُولِهِ مَا عَلَى الْمُحْسِنِينَ مِنْ سَبِيلٍ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ (٩١) وَلَا عَلَى الَّذِينَ إِذَا مَا أَتَوْكَ لِتَحْمِلَهُمْ قُلْتَ لَا أَجِدُ مَا أَحْمِلُكُمْ عَلَيْهِ تَوَلَّوْا وَأَعْيُنُهُمْ تَفِيضُ مِنَ الدَّمْعِ حَزَنًا أَلَّا يَجِدُوا مَا يُنْفِقُونَ (٩٢)

"দুর্বল লোকদের (জিহাদে না যাওয়াতে) কোনও গুনাহ নেই এবং রুগ্ন ও সেই সকল লোকদেরও নয়, যাদের কাছে খরচ করার মত কিছু নেই, যদি তারা আল্লাহ ও তাঁর রাসূলের কল্যাণকামী হয়। মুহসিন-সৎলোকদের সম্পর্কে কোন অভিযোগ নেই। আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু। সেই সকল লোকেরও (কোনও গুনাহ) নেই, যাদের অবস্থা এই যে, যখন আপনি তাদের জন্য কোন বাহনের ব্যবস্থা করবেন – এই আশায় তারা আপনার নিকট আসল আর আপনি তাদেরকে বললেন, আমার কাছে তো তোমাদেরকে দেয়ার মত কোন বাহন নেই, তখন তাদের কাছে খরচ করার মত কিছু না থাকার দুঃখে তারা এভাবে ফিরে গেল যে, তাদের চোখ থেকে অশ্রু ঝরছিল।"

[সূরা তাওবা: ৯১-৯২]

এখানে আরোও দুই শ্রেণীর মা'যুর ব্যক্তির কথা উল্লেখ করা হয়েছে:

১. দুর্বল।

২. যাদের কাছে জিহাদের ময়দানে উপস্থিত হওয়ার এবং তাতে খরচ করার মত কোন অর্থকড়ি এবং বাহন নেই। আর বাইতুল মাল বা অন্য কারো থেকেও তাদের খরচের ব্যবস্থা হয়নি।

এই দুই আয়াত সহ অন্যান্য আয়াত, হাদিস ও শরীয়তের উসূল-মূলনীতির আলোকে ফুকাহায়ে কেরাম নিম্নোক্ত কয়েক শ্রেণীর ব্যক্তিকে মা'যুর বলে গণ্য করেছেন:

১. অন্ধ।

২. খোঁড়া।

৩. অত্যধিক রুগ্ন।

৪. অতিশয় দুর্বল।

৫. অতি বৃদ্ধ।

৬. পঙ্গু।

৭. যার হাত নেই।

৮. যাদের কাছে জিহাদের ময়দানে উপস্থিত হওয়ার এবং তাতে খরচ করার মত কোন অর্থকড়ি এবং বাহন নেই। আর বাইতুল মাল বা অন্য কারো থেকেও তাদের খরচের ব্যবস্থা হয়নি।

উল্লেখ্য যে, এসকল ব্যক্তি তখনই মা'যুর বলে গণ্য হবে যখন এসব ওজর এমন পর্যায়ের হবে যে, তাদের পক্ষে আর যুদ্ধ করা সম্ভবপর নয়।

অতএব,

- কিছুটা ঝাপসা দেখে;
- সামান্য খোঁড়া, কিন্তু যুদ্ধ করতে সক্ষম;

- হালকা অসুস্থ;
- কিছুটা দুর্বল;
- বৃদ্ধ, তবে অতি বৃদ্ধ নয়। যুদ্ধে সক্ষম;
- হস্ত-পদ বা অঙ্গ-প্রত্যঙ্গে কিছুটা সমস্যা আছে, তবে তা যুদ্ধের একবারে প্রতিকূল নয়;
- গরীব, তবে জিহাদের ময়দানে উপস্থিত হওয়ার এবং খরচ বহন করার মত সামর্থ্য আছে। কিংবা বাইতুল মাল থেকে তাকে জিহাদের খরচ দেয়া হচ্ছে বা অন্য কেউ তার খরচ বহন করছে;

এমনসব ব্যক্তি মা'যুর নয়। পরিপূর্ণ সুস্থ ব্যক্তির উপর যেমন সশস্ত্র জিহাদ ফরয, তাদের উপরও তেমনি ফরয। [দেখুন: বাদায়িউস সানায়ে': ৬/৫৮-৫৯, ফাতাওয়া শামী: ৬/২০১-২০৫, আল-মুগনী (ইবনে কুদামা): ১০/৩৬৭]

[বি.দ্র. বর্তমান যামানার জিহাদের ত্বরীকা ভিন্ন:]

আগের যামানায় জিহাদের জন্য সাধারণত ইসলামী রাষ্ট্রের সীমানা পার হয়ে কাফেরদের দেশে যেতে হতো, যার সামর্থ্য সকলের থাকত না। বর্তমান যামানায় জিহাদের জন্য ইউরোপ-আমেরিকায় যেতে হয় না। অনেকের নিজ দেশেই জিহাদের কাজ চলছে। বর্তমানে বরং অনেকের জন্য নিজ ঘরে থেকেই জিহাদের চলমান কাজে শরীক হওয়া সম্ভব। আমাদের দেশগুলোর মত দেশে এমন মানুষ পাওয়াই যাবে না, যে অর্থ-কড়ির অভাবে জিহাদে শরীক হতে পারছে না। বরং বাস্তব হচ্ছে জিহাদের জন্য বার বার দাওয়াত দেয়ার পরেও মুখ ফিরিয়ে নিচ্ছে। এরা কখনোই মা'যুর নয়।]

কয়েকটা প্রশ্ন:

- যারা লাখ লাখ টাকা খরচ করে বার বার নফল হজ্ব করতে পারছে তারা কি মা'যুর?
- যারা আলীশান বাড়ি কিনতে পারছে তারা কি মা'যুর?
- যাদের ফ্লাট-বাসা দৃষ্টিনন্দন ফার্নিচারে পরিপূর্ণ তারা কি মা'যুর?
- যারা নিজস্ব প্রাইভেটকারে চলাচল করে তারা কি মা'যুর?
- যারা এ.সি ছাড়া চলতে পারে না তারা কি মা'যুর?
- যারা বাৎসরিক একটামাত্র মাহফিলে ১০-২০লাখ টাকা খরচ করতে পারে তারা কি মা'যুর?
- যারা তাদের ছেলে-মেয়ের বিবাহ উপলক্ষ্যে ১০-২০ ডেগ বিরানী পাক করতে পারে তারা কি মা'যুর?
- যাদের তিন ছেলে বিদেশ থাকে তারা কি মা'যুর?
- যাদের ট্রাভেলস এজেন্সি আছে তারা কি মা'যুর?
- যাদের বড় বড় ব্যবসায়িক লাইব্রেরী আছে তারা কি মা'যুর?
- যারা ইন্ডাস্ট্রির মালিক-শিল্পপতি তারা কি মা'যুর?
- যারা অন্ধ, খোঁড়া, রুগ্ন, অতিশয় দুর্বল, অতি বৃদ্ধ, পঙ্গু বা অঙ্গ-প্রত্যঙ্গহীন নয় তারা কি মা'যুর?

মুসলিম উম্মাহর এই কঠিন দুর্দিনে যারা নিজেরাও জিহাদে বের হয় না, জিহাদের কাজে দশ টাকা খরচও করে না, আবার বুলি আওড়ায়: 'আমরা দুর্বল', 'আমরা মা'যুর', অথচ তাদের অবস্থা হলো যা উপরে বলা হয়েছে। এমতাবস্থায় তারা কি আসলেই মা'যুর?

আশা করি উত্তর আপনাদের কাছে অস্পষ্ট নয়।

মা'যুর ব্যক্তিদের দায়িত্ব কী কী?

পূর্বোক্ত মা'যুর ব্যক্তিগণ যারা ওযরের কারণে জিহাদে যেতে পারেনি, জিহাদের দায়িত্বমুক্তির জন্য তাদের জন্য দু'টি জিনিস আবশ্যক:

১. 'আন-নুসহু লিল্লাহি ওয়া রাসূলিহি'-'আল্লাহ ও তাঁর রাসূলের কল্যাণকামিতা'।

২. ইহসান-সত্যনিষ্ঠতা।

যেমনটা আল্লাহ তাআলা ইরশাদ করেন:

لَيْسَ عَلَى الضُّعَفَاءِ وَلَا عَلَى الْمَرْضَى وَلَا عَلَى الَّذِينَ لَا يَجِدُونَ مَا يُنْفِقُونَ حَرَجٌ إِذَا نَصَحُوا لِلَّهِ وَرَسُولِهِ مَا عَلَى الْمُحْسِنِينَ مِنْ سَبِيلٍ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ (٩١) وَلَا عَلَى الَّذِينَ إِذَا مَا أَتَوْكَ لِتَحْمِلَهُمْ قُلْتَ لَا أَجِدُ مَا أَحْمِلُكُمْ عَلَيْهِ تَوَلَّوْا وَأَعْيُنُهُمْ تَفِيضُ مِنَ الدَّمْعِ حَزَنًا أَلَّا يَجِدُوا مَا يُنْفِقُونَ (٩٢)

"দুর্বল লোকদের (জিহাদে না যাওয়াতে) কোনও গুনাহ নেই এবং রুগ্ন ও সেই সকল লোকদেরও নয়, যাদের কাছে খরচ করার মত কিছু নেই, যদি তারা আল্লাহ ও তাঁর রাসূলের কল্যাণকামী হয়। মুহসিন-সত্যনিষ্ঠ লোকদের সম্পর্কে কোন অভিযোগ নেই। আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু। সেই সকল লোকেরও (কোনও গুনাহ) নেই, যাদের অবস্থা এই যে, যখন আপনি তাদের জন্য কোন বাহনের ব্যবস্থা করবেন – এই আশায় তারা আপনার নিকট আসল আর আপনি তাদেরকে বললেন, আমার কাছে তো তোমাদেরকে দেয়ার মত কোন বাহন নেই, তখন তাদের কাছে খরচ করার মত কিছু না থাকার দুঃখে তারা এভাবে ফিরে গেল যে, তাদের চোখ থেকে অশ্রু ঝরছিল।"

[সূরা তাওবা: ৯১-৯২]

'আননুসহু- কল্যাণকামিতা' এবং 'ইহসান-সত্যনিষ্ঠতা' কাকে বলে?

- 'আন-নুসহ ' বা 'আন-নসীহা' বলা হয়: কোন জিনিসকে খালেছ, বিশুদ্ধ ও নির্ভেজাল করা।

এখান থেকেই বলা হয়: 'তাওবায়ে নাসূহা'-খালেছ দিলে বিশুদ্ধ, নির্ভেজাল ও আন্তরিক তাওবা।

- 'ইহসান' বলা হয়: কোন কিছুকে সুন্দর ও সুচারুভাবে সম্পাদন করা, উত্তম ও সত্যনিষ্ঠ আচরণ করা।

অতএব, মা'যুর ব্যক্তিরা তখনই মুক্তি পাবে যখন তাদের আচরণ থেকে বুঝা যাবে যে, তারা জিহাদের প্রতি আন্তরিক; জিহাদ ও মুজাহিদদের কল্যাণকামী; জিহাদ ও মুজাহিদদের প্রতি তাদের বিশুদ্ধ, নির্ভেজাল, একনিষ্ঠ ও খালেছ মুহাব্বাত রয়েছে। আর তা শুধু মুখে দাবি করলেই হবে না, তাদের আচরণের মাধ্যমে তা প্রকাশ হতে হবে।

যেসব আচরণ থেকে 'আননুসহু-কল্যাণকামিতা' এবং 'ইহসান-সত্যনিষ্ঠতা'বুঝা যাবে:

- ইমাম জাসসাস রহ. বলেন:

وكان عذر هؤلاء ومدحهم بشريطة النصح لله ورسوله; لأن من تخلف منهم وهو غير ناصح لله ورسوله بل يريد التضريب والسعي في إفساد قلوب من بالمدينة لكان مذموما مستحقا للعقاب. ومن النصح لله تعالى حث المسلمين على الجهاد وترغيبهم فيه والسعي في إصلاح ذات بينهم ونحوه مما يعود بالنفع على الدين، ويكون مع ذلك مخلصا لعمله من الغش; لأن ذلك هو النصح، ومنه التوبة النصوح. اهـ

“তাদের ওজর কবুল করা হবে এবং তারা প্রসংশিত হবে আল্লাহ ও তাঁর রাসূলের কল্যাণকামিতার শর্তে। কেননা, তাদের মধ্য থেকে যে জিহাদ থেকে পেছনে রয়ে গেল, কিন্তু সে কল্যাণকামী নয়, বরং সে বিশৃংখলা সৃষ্টি করতে চায়, শহরস্ত লোকদের অন্তরে ফাঁটল ধরানোর প্রয়াস চালায়, সে তিরস্কৃত হবে, শাস্তির উপযুক্ত বলে গণ্য হবে।

আর আল্লাহ তাআলার কল্যাণকামিতার মধ্যে এও অন্তর্ভুক্ত: মুসলমানদেরকে জিহাদে উৎসাহিত করা, তাদেরকে জিহাদের জন্য তারগীব দেয়া, তাদের পারস্পরিক অবস্থার সংশোধনের প্রয়াস চালানো। এছাড়াও এ জাতীয় অন্যান্য কাজ যার দ্বারা দ্বীনের উপকার হয়। সাথে সাথে এ ক্ষেত্রে তাকে কপটতা থেকে মুক্ত থাকতে হবে। কেননা, প্রকৃত কল্যাণকামিতা একেই বলে। আর এ থেকেই বলা হয়: ‘তাওবায়ে নাসূহা’-আন্তরিক ও খালেছ তাওবা।]

[আহকামুল কুরআন: ৩/১৮৬]

এ বক্তব্য থেকে কল্যাণকামিতার পরিচায়ক কয়েকটি আমল পাওয়া গেল:

১. মুসলমানদেরকে জিহাদে উৎসাহিত করা, তাদেরকে জিহাদের জন্য তারগীব দেয়া।

২. তাদের পারস্পরিক অবস্থার সংশোধনের প্রয়াস চালানো।

৩. এ জাতীয় অন্যান্য কাজ যার দ্বারা দ্বীনের উপকার হয়।

সাথে সাথে শর্ত হচ্ছে, এসব ক্ষেত্রে সর্বপ্রকার কপটতা থেকে মুক্ত থাকা।

কল্যাণকামিতার বিপরীত কয়েকটা আমলও পাওয়া গেল:

১. বিশৃংখলা সৃষ্টি করতে চাওয়া।

২. লোকদের অন্তরে ফাঁটল ধরানোর প্রয়াস চালানো।

৩. কপটতার সাথে সাথে কাজ করা।

➢ ইমাম রাজী রহ. বলেন:

قوله : { إِذَا نَصَحُواْ لِلَّهِ وَرَسُولِهِ } ومعناه أنهم إذا أقاموا في البلد احترزوا عن إلقاء الأراجيف ، وعن إثارة الفتن ، وسعوا في إيصال الخير إلى المجاهدين الذين سافروا ، إما بأن يقوموا بإصلاح مهمات بيوتهم ، وإما بأن يسعوا في إيصال الأخبار السارة من بيوتهم إليهم ، فإن جملة هذه الأمور جارية مجرى الإعانة على الجهاد .اهـ

“আল্লাহ তাআলার বাণী: (যদি তারা আল্লাহ ও তাঁর রাসূলের কল্যাণকামী হয়) এর অর্থ: তারা শহরে অবস্থানকালে গুজব, মিথ্যা ও মনগড়া খবরাখবর ছড়ানো থেকে এবং ফিতনা ছড়ানো থেকে বিরত থাকবে। যেসব মুজাহিদ জিহাদে গিয়েছে তাদের উপকার করার চেষ্টা চালাবে। তা হতে পারে তাদের পরিবার পরিজনের প্রয়োজনাদি পূরণ করার মাধ্যমে, কিংবা তাদের পরিবার পরিজনের খুশীর সংবাদগুলো তাদের কাছে পৌঁছানোর মাধ্যমে। কেননা, এই সবগুলো বিষয় জিহাদে সহায়তার অন্তর্ভুক্ত।]

[তাফসীরে রাজী: ৮/১১৯]

এ বক্তব্য থেকে কল্যাণকামিতার পরিচায়ক আরও কয়েকটি আমল পাওয়া গেল:

৪. শহরে অবস্থানকালে গুজব, মিথ্যা ও মনগড়া খবরাখবর ছড়ানো থেকে বিরত থাকা।

৫. ফিতনা ছড়ানো থেকে বিরত থাকা।

৬. মুজাহিদদের পরিবার পরিজনের প্রয়োজনাদি পূরণ করার মাধ্যমে তাদের উপকার করার চেষ্টা করা।

৭. তাদের পরিবার পরিজনের খুশীর সংবাদগুলো তাদের কাছে পৌঁছানোর মাধ্যমে তাদের উপকার করার চেষ্টা করা।

➢ **ইবনে কাসীর রহ. বলেন:**

فليس على هؤلاء حَرَج إذا قعدوا ونصحوا في حال قعودهم، ولم يرجفوا بالناس، ولم يُثَبِّطوهم، وهم محسنون في حالهم هذا.اهـ

"জিহাদ থেকে বসে থাকার হালতে তাদের কোন গুনাহ হবে না যদি তারা কল্যাণকামী হয়, লোকদের মাঝে গুজব ছড়িয়ে তাদেরকে ভীত সন্ত্রস্ত্র না করে, তাদেরকে জিহাদে নিরুৎসাহিত না করে। সাথে সাথে যদি তারা তাদের এ অবস্থায় সত্যনিষ্ঠ হয়।"

[তাফসীরে ইবনে কাসীর: ৪/১৯৮]

এ বক্তব্য থেকে কল্যাণকামিতার পরিচায়ক আরেকটি আমল পাওয়া গেল:

৮. লোকদেরকে জিহাদে নিরুৎসাহিত না করে।

➢ ইমাম কুরতুবী রহ. বলেন:

(إِذَا نَصَحُوا لِلَّهِ وَرَسُولِهِ) إذا عرفوا الحق وأحبوا أولياءه وأبغضوا أعداءه.اهـ

"(যদি তারা আল্লাহ ও তাঁর রাসূলের কল্যাণকামী হয়) অর্থাৎ হক-সত্যকে জানে, সত্যপথের পথিকদেরকে মুহাব্বাত করে এবং সত্যের দুশমনদের প্রতি বিদ্বেষ রাখে।"

[তাফসীরে কুরতুবী: ৮/২২৬]

এ বক্তব্য থেকে কল্যাণকামিতার পরিচায়ক আরও কয়েকটি আমল পাওয়া গেল:

৯. হক জানা। (বর্তমানে কাদের বিরুদ্ধে কিতাল করা হক তা জানা এর অন্তর্ভুক্ত।)

১০. হকপন্থী মুজাহিদদেরকে মুহাব্বাত করা।

১১. তাদের দুশমনদের প্রতি বিদ্বেষ রাখা।

➢ আল্লামা সা'দী রহ. বলেন:

{ وَلا عَلَى الَّذِينَ لا يَجِدُونَ مَا يُنْفِقُونَ } أي: لا يجدون زادا، ولا راحلة يتبلغون بها في سفرهم، فهؤلاء ليس عليهم حرج، بشرط أن ينصحوا لله ورسوله، بأن يكونوا صادقي الإيمان، وأن يكون من نيتهم وعزمهم أنهم لو قدروا لجاهدوا، وأن يفعلوا ما يقدرون عليه من الحث والترغيب والتشجيع على الجهاد.اهـ

"(আর সেই সব লোকেরও কোন গুনাহ নেই যারা খরচ করার মত কিছু পায় না) অর্থাৎ সফরে খরচ করার মত তোষা বা বাহন কোনটাই তারা পায় না। এসব লোকের কোন গুনাহ নেই। তবে শর্ত হলো, আল্লাহ ও তাঁর রাসূলের কল্যাণকামী হতে হবে। আর তা এভাবে হবে যে, তারা তাদের ঈমানের দাবিতে সত্যবাদী হবে, তাদের নিয়ত ও দৃঢ় প্রতিজ্ঞা থাকবে যে, যখনই সামর্থ্য পাবে জিহাদে শরীক হয়ে যাবে। আর এখন তাদের সামর্থ্যে যা আছে তা করে যাবে। অর্থাৎ লোকদেরকে জিহাদের প্রতি উৎসাহ ও তারগীব দেবে। তাদেরকে জিহাদের প্রতি দৃঢ়চিত্ত এবং সাহসী করে তোলবে।"
[তাফসীরে সা'দী: ৩৪৭]

এ বক্তব্য থেকে কল্যাণকামিতার পরিচায়ক আরেকটি আমল পাওয়া গেল:

১২. নিয়ত ও দৃঢ় প্রতিজ্ঞা রাখবে যে, যখনই সামর্থ্য পাবে জিহাদে শরীক হয়ে যাবে।

- আলূসী রহ. বলেন:

يتعهدوا أمورهم وأهلهم وإيصال خبرهم إليهم ولا يكونوا كالمنافقين الذين يشيعون الأراجيف إذا تخلفوا .اهـ

"মুজাহিদদের এবং তাদের পরিবার পরিজনের বিষয়াদী দেখাশুনা করবে। তাদের খবরাখবর তাদের নিকট পৌঁছে দেবে। মুনাফেকদের মত বসে থেকে গুজব ও মিথ্যা খবরাখবর ছড়াবে না।"
[রুহুল মা'আনী: ৭/৩২৯]

এ বক্তব্য থেকে কল্যাণকামিতার পরিচায়ক আরেকটি আমল পাওয়া গেল:

১৩. মুজাহিদদের প্রয়োজনীয় বিষয়াশয়ের খোঁজ-খবর নিয়ে তা দেখাশুনা করা।

মুফাসসিরীনে কেরামের পূর্বোল্লিখিত বক্তব্যগুলো থেকে আমরা কল্যাণকামিতার পরিচায়ক নিম্নোক্ত পনেরটি বিষয় পেলাম:

১. হক জিহাদ কোনটি তা জানা।
২. হকপন্থী মুজাহিদদেরকে মুহাব্বাত করা।
৩. তাদের দুশমনদের প্রতি বিদ্বেষ রাখা।
৪. পাকা-পোক্তা নিয়ত ও দৃঢ় প্রতিজ্ঞা রাখা যে, যখনই সামর্থ্য পাবে জিহাদে শরীক হয়ে যাবে।
৫. মুজাহিদদের প্রয়োজনীয় বিষয়াশয়ের খোঁজ-খবর নিয়ে তা দেখাশুনা করা।
৬. মুজাহিদদের পরিবার পরিজনের প্রয়োজনাদি পূরণ করার মাধ্যমে তাদের উপকার করার চেষ্টা করা।
৭. তাদের পরিবার পরিজনের খুশীর সংবাদগুলো তাদের কাছে পৌঁছানোর মাধ্যমে তাদের উপকার করার চেষ্টা করা।
৮. মুসলমানদেরকে জিহাদে উৎসাহিত করা এবং তাদেরকে জিহাদের জন্য তারগীব দেয়া। জিহাদের প্রতি তাদেরকে দৃঢ়চিত্ত ও সাহসী করে তোলা।
৯. তাদের পারস্পরিক অবস্থার সংশোধনের প্রয়াস চালানো।

১০. এ জাতীয় অন্যান্য কাজ যার দ্বারা দ্বীনের উপকার হয় সেগুলো করা।

১১. গুজব, মিথ্যা ও মনগড়া খবরাখবর ছড়ানো থেকে বিরত থাকা।

১২. ফিতনা ছড়ানো থেকে বিরত থাকা।

১৩. বিশৃংখলা সৃষ্টি না করা।

১৪. লোকদের অন্তরে ফাঁটল ধরানোর চেষ্টা না করা।

১৫. কাউকে জিহাদের প্রতি নিরুৎসাহী না করা।

কোন মা’যুর ব্যক্তি যখন ইখলাছের সাথে উপরোল্লিখিত কাজগুলোর এবং এজাতীয় অন্যান্য কাজের যেগুলো করার করবে এবং যেগুলো বর্জন করার বর্জন করবে, তখন তাকে আল্লাহ ও তাঁর রাসূলের কল্যাণকামী বলে ধরা হবে। সে জিহাদে না বের হতে পারা সত্ত্বেও জিহাদের দায়িত্ব পালন করেছে বলে ধরা হবে। পক্ষান্তরে যদি করণীয় কাজগুলো না করে বা বর্জনীয় কাজগুলো বর্জন না করে তাহলে সে জিহাদের দায়িত্ব পালন করেছে বলে ধরা হবে না, বরং গুনাহগার এবং শাস্তিযোগ্য অপরাধী বলে গণ্য হবে।

আমাদের সমাজের অবস্থা কী?

এবার যদি আমরা আমাদের সমাজের দিকে তাকাই তাহলে কী দেখতে পাবো? যারা জিহাদের সুস্পষ্ট বিরোধীতা করছে তাদের কথা তো বাদই, বাকি যারা নিজেদেরকে জিহাদের পক্ষালম্বী বলে দাবি করে তারা কি আসলেই জিহাদের দায়িত্বগুলো আদায় করছে?

উপরোক্ত কাজ যেগুলো বলা হয়েছে সেগুলো তো মা’যুরের ক্ষেত্রে। যারা সুস্থ-সবল, সম্পদশালী তারা কি মা’যুরের এ কাজগুলোও করে যাচ্ছে? তাহলে তারা কীভাবে জিহাদের ফরয আদায় করছে বলে দাবি করে?? কীভাবে তারা আল্লাহ তাআলার কাছে মাফ পেয়ে যাবে বলে আশা করে??

আমাদের নিজেদের অবস্থা কী?

আমরা নিজেরাও কি জিহাদের পরিপূর্ণ দায়িত্ব আদায় করছি? অন্যের সমালোচনার পাশাপাশি আমাদের নিজেদের ব্যাপারেও চিন্তা করে দেখার দরকার, আমরা আমাদের দায়িত্ব যথাযথ আদায় করছি কি’না? না’কি আমাদেরকেও আল্লাহ তাআলার দরবারে আটকা পড়ে যেতে হবে?

কাফেরদের মোকাবেলা করতে অক্ষম হয়ে পড়লে কী করণীয়?

‘ই’দাদ ফরয নয়’ পন্থিদের আসল প্রশ্ন হচ্ছে, ‘মেনে নিলাম আমরা মা’যুর নই, আমাদের উপর জিহাদ ফরয, কিন্তু আমরা তো কাফেরদের মোকাবেলা করতে সক্ষম নই!! কাফেরদের শক্তি-সামর্থ্যের তুলনায় আমাদের তো কিছুই নেই!!’

উত্তর:

‘আমরা সক্ষম নই’ কথাটি সঠিক নয়। আমরা জিহাদের ময়দান ছেড়ে নিজ নিজ মাসলাহাতে ব্যস্ত আছি। শয়তান ও তার দোস্তরা কাফেরদের শক্তিকে আমাদের সামনে বড় করে দেখিয়েছে। ময়দানে অবতীর্ণ হওয়ার

পর আল্লাহ তাআলার যে মদদ আসে তা আমরা ভুলে গেছি। এ কারণে আমরা সক্ষম নই বলে মনে হচ্ছে। আফগান জিহাদ আমাদের সামনে আছে। রাশিয়ার লাল কুত্তারা কীভাবে আফগান ছেড়ে পালিয়েছে তা আমাদের সামনে আছে। আমেরিকার নেতৃত্বে সারা দুনিয়ার কুফরী শক্তি আফগানে চড়াও হয়েছিল। গুটি কয়েক মুজাহিদের সামনে যামানার সুপার পাওয়ার কীভাবে পর্যদুস্ত হয়েছে এবং হচ্ছে তা আমাদের সামনে আছে।

অতএব, আমাদের শক্তি নেই কথাটা সঠিক নয়। সারা দুনিয়ার মুসলমান যদি আল্লাহ তাআলার আদেশানুযায়ী নিজেদের জান-মাল কুরবান দিতে প্রস্তুত হয়ে যায়, তাহলে এদের সামনে দুনিয়ার কুফরী শক্তি দু'দিনও টিকতে পারবে না।

অধিকন্তু যদি মেনেও নেই আমরা কাফেরদের মোকাবেলা করতে সক্ষম নই, তাহলে এমতাবস্থায় শরীয়তের হুকুম কী? ঘরে বসে থাকা? যদি আমরা সত্যিই শরীয়তের অনুসরণের দাবিদার হয়ে থাকি তাহলে শরীয়ত যা বলে, শরীয়তের কর্ণধার আমাদের মুজতাহিদ আইম্মায়ে কেরাম যা বলেন, আমরা তাই মেনে নিতে বাধ্য।

মোকাবেলায় অক্ষমতার দুই সূরত:

কাফেরদের মোকাবেলায় টিকতে না পারার দুই সূরত হতে পারে:

এক) যুদ্ধে অবতীর্ণ হওয়ার পর যুদ্ধের ময়দানে কাফেরদের সামনে টিকতে না পারা।

দুই) যুদ্ধে অবতীর্ণ হওয়ার পূর্বে সার্বিক পরিস্থিতি বিচারে মনে হওয়া: আমরা যদি কাফেরদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হই তাহলে আমরা জয়ী হতে পারবো না। তাদের শক্তির সামনে আমরা টিকতে পারবো না।

এই দুই অবস্থার কোনটায় শরীয়তের বিধান কী?

যুদ্ধের ময়দানে কাফেরদের সামনে টিকতে না পারলে কী করণীয়?

কাফেরদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হওয়ার পর যদি কোন মুজাহিদ বা কোন জিহাদী দল কাফেরদের সাথে কুলিয়ে উঠতে না পারে, বরং তাদের আশংকা হয় যে, কাফেরদের সাথে যুদ্ধ চালিয়ে গেলে তারা ধ্বংস হয়ে যাবে, তাহলে তাদের করণীয় কী?

তাদের করণীয় হলো:

১. যুদ্ধ কৌশল পরিবর্তন করবে। কাফেরদেরকে দেখাবে যে, তারা ময়দান ছেড়ে পালিয়ে যাচ্ছে। অথচ বাস্তবে তাদের উদ্দেশ্য থাকবে অন্যদিক থেকে ঘুরে এসে আক্রমণ করা। অতএব, এটা মূলত পলায়ন নয়।

২. কিংবা শক্তি সঞ্চয় করে পুনরায় হামলা করার নিয়তে ময়দান ছেড়ে অন্য মুসলমানদের নিকট গিয়ে আশ্রয় নেবে। তবে এটা জায়েয হওয়ার শর্ত হলো, ময়দান ছেড়ে মুসলমানদের এমন জামাআতের কাছে গিয়ে আশ্রয় নিতে হবে যাদের কাছে গেলে নুসরাত পাওয়া যাবে। শক্তি সঞ্চয় করে পুনরায় কাফেরদের উপর হামলা করতে পারবে। যুদ্ধ পরিত্যাগ করার নিয়তে ময়দান ছেড়ে পালানো এবং এমন মুসলমানদের নিকট আশ্রয় নেয়া জায়েয হবে না যাদের কাছে গেলে শক্তি সঞ্চয় করে পুনরায় হামলা করার মতো নুসরাত পাওয়া যাবে না।

মোট কথা, যুদ্ধ ছেড়ে বসে থাকার কোন সূরত নেই। হয়তো ময়দানেই মোড় পরিবর্তন করে হামলা করবে, নতুবা নতুন করে শক্তি সঞ্চয় করে হামলা করার দৃঢ় ইচ্ছা নিয়ে ময়দান ত্যাগ করবে।

এ দুইটার কোনটা না করে যুদ্ধের ময়দান ছেড়ে পালানো কবীরা গুনাহ। যার কারণে ব্যক্তি জাহান্নামের উপযুক্ত হয়ে পড়ে।

আল্লাহ তাআলা ইরশাদ করেন:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا زَحْفًا فَلَا تُوَلُّوهُمُ الْأَدْبَارَ (١٥) وَمَنْ يُوَلِّهِمْ يَوْمَئِذٍ دُبُرَهُ إِلَّا مُتَحَرِّفًا لِقِتَالٍ أَوْ مُتَحَيِّزًا إِلَى فِئَةٍ فَقَدْ بَاءَ بِغَضَبٍ مِنَ اللَّهِ وَمَأْوَاهُ جَهَنَّمُ وَبِئْسَ الْمَصِيرُ (١٦)

“হে ইমানদারগণ, যখন তোমরা কাফেরদের মুখোমুখি হও, যখন তারা চড়াও হয়ে আসে, তখন তাদেরকে পৃষ্ঠপ্রদর্শন করে পলায়ন করো না। তবে কেউ যদি যুদ্ধকৌশল হিসেবে এরকম করে, অথবা সে মুসলমানদের দলের সাথে গিয়ে মিলিত হতে চায়, তাহলে তার কথা আলাদা। এছাড়া যে ব্যক্তি সেদিন পৃষ্ঠপ্রদর্শন করবে সে আল্লাহর পক্ষ থেকে ক্রোধ নিয়ে ফিরবে এবং তার ঠিকানা হবে জাহান্নাম। আর তা অতি মন্দ ঠিকানা।”

[সূরা আনফাল: ১৫-১৬]

বুখারী শরীফে এসেছে:

عن أبي هريرة رضي الله عنه عن النبي صلى الله عليه وسلم قال اجتنبوا السبع الموبقات قالوا يا رسول الله وما هن قال الشرك بالله والسحر وقتل النفس التي حرم الله إلا بالحق وأكل الربا وأكل مال اليتيم والتولي يوم الزحف وقذف المحصنات المؤمنات الغافلات

“হযরত আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন: তোমরা ধ্বংসাত্মক সাতটি বিষয় থেকে বাঁচ --- সেগুলোর মধ্য থেকে একটার কথা বলেন: কাফেররা যেদিন চড়াও হয়ে আসে সেদিন যুদ্ধের ময়দান ছেড়ে পালানো।”

[সহীহ বুখারী, হাদিস নং: ২৭৬৬]

৩. উপরোল্লিখিত দু'টি বিষয় জায়েয। মুজাহিদগণ যদি ময়দান ত্যাগ না করে যুদ্ধ চালিয়ে যান, এমনকি যুদ্ধ করতে করতে শহীদ হয়ে যান, তাহলে আল্লাহ তাআলার নিকট তা অত্যন্ত পছন্দনীয়। যেমনটা উহুদের ময়দানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পাশে থাকা গুটিকয়েক সাহাবা রাদিয়াল্লাহু আনহুম করেছিলেন। আল্লাহ তাআলা কুরআনে কারীমে তাদের প্রসংশা করেছেন। অতএব, নিশ্চিত মৃত্যু জেনেও পলায়ন না করে দ্বীনের জন্য জীবন দিয়ে দেয়া আত্মহত্যা নয়, বরং আল্লাহ তাআলার সন্তুষ্টি ও সান্নিধ্য লাভের এক অনুপম ত্বরীকা।

দলীল-প্রমাণ ও ফুকাহায়ে কেরামের বক্তব্য:

এবার যুদ্ধের ময়দানে কাফেরদের মোকাবেলায় অক্ষম হয়ে পড়লে করণীয় তিনটির দলীল সম্পর্কে সামান্য আলোচনা করব এবং এ ব্যাপারে ফুকাহায়ে কেরামের কয়েকটি বক্তব্য উল্লেখ করব ইনশাআল্লাহ।

প্রথমত: কৌশল পরিবর্তনের দলীল:

আল্লাহ তাআলার বাণী:

يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا زَحْفًا فَلَا تُوَلُّوهُمُ الْأَدْبَارَ (١٥) وَمَنْ يُوَلِّهِمْ يَوْمَئِذٍ دُبُرَهُ إِلَّا مُتَحَرِّفًا لِقِتَالٍ أَوْ مُتَحَيِّزًا إِلَى فِئَةٍ فَقَدْ بَاءَ بِغَضَبٍ مِنَ اللَّهِ وَمَأْوَاهُ جَهَنَّمُ وَبِئْسَ الْمَصِيرُ (١٦)

"হে ইমানদারগণ, যখন তোমরা কাফেরদের মুখোমুখি হও, যখন তারা চড়াও হয়ে আসে, তখন তাদেরকে পৃষ্ঠপ্রদর্শন করে পলায়ন করো না। তবে কেউ যদি যুদ্ধকৌশল হিসেবে এরকম করে, অথবা সে মুসলমানদের দলের সাথে গিয়ে মিলিত হতে চায়, তাহলে তার কথা আলাদা। এছাড়া যে ব্যক্তি সেদিন পৃষ্ঠপ্রদর্শন করবে সে আল্লাহর পক্ষ থেকে ক্রোধ নিয়ে ফিরবে এবং তার ঠিকানা হবে জাহান্নাম। আর তা অতি মন্দ ঠিকানা।"
[সূরা আনফাল: ১৫-১৬]
আয়াতের إِلَّا مُتَحَرِّفًا لِقِتَال (তবে কেউ যদি যুদ্ধকৌশল হিসেবে এরকম করে) অংশ থেকে বিষয়টা স্পষ্ট।

দ্বিতীয়ত: ময়দান ত্যাগ জায়েয হওয়ার দলীল:

১. সূরা আনফালের উল্লিখিত আয়াত।
আয়াতের أَوْ مُتَحَيِّزًا إِلَى فِئَةٍ (অথবা সে মুসলমানদের দলের সাথে গিয়ে মিলিত হতে চায়) অংশ এর দলীল।

২. হযরত আব্দুল্লাহ ইবনে উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত 'আবু দাউদ' ও 'তিরমিযী' শরীফের হাদিস।
রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (নজদের দিকে) একটা বাহিনী প্রেরণ করেন। তারা শত্রুদের সামনে টিকতে না পেরে ময়দান ছেড়ে চলে আসে। তারা মনে করেছিলেন, যুদ্ধের ময়দান থেকে পলায়নের কারণে তারা আয়াতে বর্ণিত শাস্তির উপযুক্ত হয়ে গেছেন। আল্লাহ তাআলার ক্রোধ নিয়ে ফিরেছেন। এ কারণে এসে প্রথমে লজ্জায় মদীনায় লুকিয়ে থাকেন। অবশেষে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট হাজির হয়ে আরজ করেন:

يا رسول الله نحن الفرارون

[ইয়া রাসূলাল্লাহ! আমারা তো যুদ্ধের ময়দান ছেড়ে পালিয়ে এসেছি।]
রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন:

بل أنتم العكارون وأنا فئتكم

[না তোমরা পালিয়ে আসনি। বরং তোমরা পুনর্বার যুদ্ধে যেতে নুসরতের জন্য এসেছ। আমি তোমাদের সাহায্যকারী।]
(জামে তিরমিযী, হাদিস নং: ১৭৭০; সুনানে আবু দাউদ, হাদিস নং: ২৬৪৭)

অর্থাৎ যেহেতু আমার কাছে এসে তোমরা যুদ্ধের পুন:প্রস্তুতি নেবে, এ কারণে তোমাদের ময়দান ত্যাগ যুদ্ধ ছেড়ে পলায়ন বলে গণ্য হবে না। আয়াতে বর্ণিত শাস্তি তোমাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

ইমাম তিরমিযী রহ. এর ব্যাখ্যা থেকেও বিষয়টা বুঝে আসে। তিনি হাদিসটি বর্ণনা করার পর العكار শব্দের ব্যাখ্যায় বলেন:

والعكار الذى يفر إلى أمامه لينصره ليس يريد الفرار من الزحف.اه

[العكار বলা হয়, যে ব্যক্তি পলায়ন করে তার ইমামের কাছে চলে আসে যেন ইমাম তাকে নুসরত করেন। যুদ্ধের ময়দান ছেড়ে পালানো তার উদ্দেশ্য নয়।]

হাদিসটির সনদ: ইমাম তিরমিযী রহ. হাদিসটিকে 'হাসান' বলেছেন। তবে সনদে 'ইয়াযিদ ইবনে আবি যিয়াদ' নামক একজন রাবী আছে, যার ছিকাহ হওয়ার ব্যাপার মন্তব্য আছে।
তবে ফুকাহায়ে কেরাম হাদিসটিকে দলীল হিসেবে উল্লেখ করেছেন। এ থেকে বুঝা যায় 'ইয়াযিদ ইবনে আবি যিয়াদ' এর ব্যাপারে মন্তব্য থাকলেও এ কারণে হাদিসটি এত দুর্বল হয়ে যায়নি যে, একে দলীল হিসেবে উল্লেখ করা যাবে না। তাছাড়া ইমাম তিরমিযী রহ.ও হাদিসটিকে একটি দলীল হিসেবেই উল্লেখ করেছেন এবং একে 'হাসান' বলেছেন।

৩. হযরত আবু উবায়দ ইবনে মাসউদ আস-সাকাফী রহ. এর নেতৃত্বে হযরত উমার রাদিয়াল্লাহু আনহু ইরাক যুদ্ধে বাহিনী পাঠান। তিনি যুদ্ধ করতে করতে শহীদ হয়ে যান তবুও ময়দান ত্যাগ করতে রাজি হননি। এ খবর হযরত উমার রাদিয়াল্লাহু আনহুর কাছে পৌঁছলে তিনি বলেন,'আল্লাহ তাআলা আবু উবায়দের উপর রহম করুন। তিনি ময়দান ছেড়ে আমার কাছে চলে আসলে তো আমি তাঁর সাহায্যকারী হতাম।'

এরপর আবু উবায়দ রহ. এর বাহিনী যখন ময়দান ছেড়ে হযরত উমার রাদিয়াল্লাহু আনহুর কাছে ফিরে আসে তখন তিনি তাদের প্রতি কোনরূপ কঠোরতা করেননি বরং বলেন, 'আমি তোমাদের সাহায্যকারী'।

অর্থাৎ যেহেতু আমার কাছে এসে তোমরা যুদ্ধের পুন:প্রস্তুতি নেবে, এ জন্য তোমাদের ময়দান ত্যাগ যুদ্ধ ছেড়ে পলায়ন বলে গণ্য হবে না । আয়াতে বর্ণিত শাস্তি তোমাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। এ ঘটনা ইতিহাসে প্রসিদ্ধ।

বি.দ্র.পলায়ন জায়েয হওয়ার শর্ত: পুনর্বার যুদ্ধে যাবার নিয়ত রাখা

আয়াতে যে বলা হয়েছে, أَوْ مُتَحَيِّزًا إِلَىٰ فِئَةٍ (অথবা সে মুসলমানদের দলের সাথে গিয়ে মিলিত হতে চায়), এখানে فِئَةٍ দ্বারা মুসলমানদের এমন জামাআত উদ্দেশ্য যাদের কাছে গেলে নুসরত পাওয়া যাবে। যুদ্ধের প্রস্তুতি নিয়ে পুনর্বার আক্রমণ করা যাবে। অতএব, যুদ্ধ পরিত্যাগ করার উদ্দেশ্যে পলায়ন জায়েয নেই। তদ্রূপ এমন জামাআতের কাছেও যাওয়া যাবে না যাদের কাছে গেলে যুদ্ধের পুন:প্রস্তুতির নুসরত পাওয়া যাবে না।
এ কারণেই ইবনে উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত হাদিসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন: (না তোমরা পালিয়ে আসনি। বরং তোমরা পুনর্বার যুদ্ধে যেতে নুসরতের জন্য এসেছ। আমি তোমাদের সাহায্যকারী।)
অর্থাৎ আমার কাছে আসাটা যুদ্ধ ছেড়ে পলায়ন নয়, বরং যুদ্ধের পুন:প্রস্তুতির জন্য প্রত্যাবর্তন।
আবু উবায়দ রহ. এর ঘটনাতেও হযরত উমার রাদিয়াল্লাহু আনহু এমনটাই বলেছেন, ('আল্লাহ তাআলা আবু উবায়দের উপর রহম করুন। তিনি ময়দান ছেড়ে আমার কাছে চলে আসলে তো আমি তাঁর সাহায্যকারী হতাম।')
অর্থাৎ 'এমতাবস্থায় ময়দান ছেড়ে আসলে আয়াতে বর্ণিত শাস্তি তার উপর আপতিত হতো না। কেননা, আমি তাকে সাহায্য করতাম। আমার সাহায্য নিয়ে তিনি আবার যুদ্ধে যেতে পারতেন।'

এরপর আবু উবায়দ রহ. এর বাহিনী যখন ময়দান ছেড়ে উমার রাদিয়াল্লাহু আনহুর কাছে ফিরে আসে তখন তিনি তাদের ক্ষেত্রেও একই কথা বলেন, ('আমি তোমাদের সাহায্যকারী'।)
অর্থাৎ: 'এ কারণেই তোমাদের ময়দান ত্যাগ করাটা অপরাধ বলে গণ্য হবে না, যেহেতু তোমরা আমার সাহায্য নিয়ে আবার যুদ্ধে যাবে।'

তৃতীয়ত: শাহাদাত পর্যন্ত টিকে থাকা জায়েয ও প্রশংসনীয় হওয়ার দলীল:

১. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত আসেম ইবনে সাবেত রাদিয়াল্লাহু আনহুর নেতৃত্বে দশজন সাহাবীর একটা সারিয়্যা পাঠান। পথে 'বনু লিহইয়ান' গোত্রের কাফেররা টের পেয়ে যায়। তাদের একশো জনের মত একটা তীরন্দাজ বাহিনী তাঁদেরকে ঘিরে ফেলে। তাঁরা অপারগ হয়ে একটা পাহাড়ে উঠে যান। কাফেররা তাদেরকে প্রতিশ্রুতি দেয়, আত্মসমর্পণ করলে তারা তাঁদের কাউকে হত্যা করবে না। তিনজন সাহাবী তাদের প্রতিশ্রুতি মতো আত্মসমর্পণ করেন। কিন্তু আসেম রাদিয়াল্লাহু আনহু আত্মসমর্পণ করতে অস্বীকৃতি জানান। কাফেররা তাঁকে তার সাত সাথী সহ শহীদ করে দেয়।

মক্কার কুরাইশরা আসেম রাদিয়াল্লাহু আনহুর শাহাদাতের কথা শুনে তাঁর হত্যার প্রমাণ স্বরূপ তাঁর দেহের কোন অংশ নিয়ে যেতে লোক পাঠায়। আল্লাহ তাআলা হযরত আসেম রাদিয়াল্লাহু আনহুর দেহকে হেফাজতের জন্য এক ঝাঁক মৌমাছি পাঠান, যেগুলো তাঁকে মেঘের মত ছায়া দিয়ে রাখে। এতে ভয়ে কাফেররা তাঁর কাছে পৌঁছতে সাহস করেনি।

এখানে নিরস্ত্র সাতজন ব্যক্তি নিশ্চিত মৃত্যু জেনেও কাফেরদের হাতে আত্মসমর্পণের অপমান মেনে নিতে পারেননি । তাঁদের এ কাজকে নাজায়েয বলা তো দূরের কথা, উল্টো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের প্রশংসা করেছেন। আল্লাহ তাআলা তাঁর প্রিয় বান্দার দেহকে হেফাযত করার জন্য মৌমাছির ঝাঁক পাঠিয়েছেন।
[বিস্তারিত দেখুন: বুখারী শরীফ, কিতাবুল মাগাযী এবং তৎসংশ্লিষ্ট ব্যাখ্যাগ্রন্থসমূহে।]

২. উহুদ যুদ্ধে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে হেফাজত করতে গিয়ে একদল সাহাবী নিজেদেরকে উৎসর্গ করে দিয়েছিলেন। এ কারণে তাঁরা প্রশংসিত হয়েছেন এবং তাঁদের মর্যাদা বৃদ্ধি পেয়েছে। অতএব, মৃত্যুর মুখোমুখী হয়েও লড়ে যাওয়া আত্মহত্যা নয়; আল্লাহ তাআলার সন্তুষ্টি লাভের অনুপম মাধ্যম। বিষয়টি অসংখ্য আয়াত ও হাদিস দ্বারা প্রমাণিত। বিস্তারিত আলোচনা এখানে উদ্দেশ্য নয়। নমুনাস্বরূপ কয়েকটা উল্লেখ করা হল।

ফুকাহায়ে কেরামের বক্তব্য:

১. আল্লামা কাসানী রহ. (মৃত্যু: ৫৮৭হি.) এর বক্তব্য:

(فصل) : وأما بيان من يفترض عليه فنقول إنه لا يفترض إلا على القادر عليه فمن لا قدرة له لا جهاد عليه ؛ لأن الجهاد بذل الجهد ، وهو الوسع والطاقة بالقتال ، أو المبالغة في عمل القتال ، ومن لا وسع له كيف يبذل الوسع والعمل ... وعلى هذا الغزاة إذا جاءهم جمع من المشركين ما لا طاقة لهم به ، وخافوهم أن يقتلوهم ، فلا بأس لهم أن ينحازوا إلى بعض أمصار المسلمين أو إلى بعض جيوشهم ،

সহীহ মুসলিম শরীফে এসেছে:

عن سليمان بن بريدة عن ابيه، قال: كان رسول الله صلى الله عليه وسلم إذا امّر اميرا على جيش أو سرية ... قال: اغزوا باسم الله، في سبيل الله، قاتلوا من كفر بالله ... وإذا لقيت عدوك من المشركين فادعهم إلى ثلاث خصال (أو خلال)، فايتهن ما اجابوك فاقبل منهم وكف عنهم. ثم ادعهم إلى الاسلام، فان اجابوك فاقبل منهم وكف عنهم ... فان هم ابوا فسلهم الجزية، فان هم اجابوك فاقبل منهم وكف عنهم، فان هم أبوا فاستعن بالله وقاتلهم.اهـ

"হযরত সুলাইমান ইবনে বুরাইদা রহ. থেকে বর্ণিত, তিনি তার পিতা - বুরাইদা রাদি. - থেকে বর্ণনা করেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন কাউকে কোন বাহিনী বা সারিয়্যা-ছোট দলের আমীর নিযুক্ত করতেন ... তখন তাকে বলে দিতেন, আল্লাহর রাস্তায় আল্লাহর নামে তাদের বিরুদ্ধে কিতাল করবে যারা আল্লাহর সাথে কুফরী করেছে। ... যখন তুমি তোমার দুশমন মুশরেকদের মোকাবেলায় যাবে, তখন তাদেরকে তিনটি জিনিসের আহ্বান জানাবে। এর যে কোন একটায় তারা সম্মত হলে তুমি তাদের থেকে তা গ্রহণ করবে এবং তাদের বিরুদ্ধে যুদ্ধ করা পরিত্যাগ করবে। (প্রথমত) তাদেরকে মুসলমান হয়ে যাওয়ার আহ্বান জানাবে। যদি তারা তাতে সম্মত হয়ে যায়, তাহলে তাদের থেকে তা গ্রহণ করে নেবে এবং তাদের বিরুদ্ধে যুদ্ধ পরিত্যাগ করবে। আর যদি তারা এতে অসম্মতি জানায় তাহলে জিযিয়ার আহ্বান জানাবে। যদি তারা তাতে সম্মত হয়ে যায়, তাহলে তাদের থেকে তা গ্রহণ করে নেবে এবং তাদের বিরুদ্ধে যুদ্ধ পরিত্যাগ করবে। যদি তারা এতেও অসম্মতি জানায় তাহলে আল্লাহ তাআলার কাছে সাহায্য প্রার্থনা করে তাদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হবে।"
[সহীহ মুসলিম, হাদিস নং: ১৭৩১; বাব: তা'মীরুল ইমামিল উমারা আ'লা বুয়ূস।]

অতএব, কাফেরদেরকে তাদের কুফরীতে ছেড়ে রাখার কোন অবকাশ নেই। হয়তো মুসলমান হতে হবে, নতুবা জিযিয়া দিয়ে যিম্মি হতে হবে। আল্লাহ তাআলার আইন মেনে নিয়ে মুসলমানদের অধিনস্থ হয়ে থাকতে হবে। স্বতন্ত্র পাওয়ার নিয়ে, নিজস্ব শক্তিবলে, স্বতন্ত্র রাষ্ট্রে বেঁচে থাকার অধিকার তাদের নেই।

তাদের শক্তিকে চূর্ণ-বিচূর্ণ করে দিয়ে হয়তো ইসলাম গ্রহণে, নতুবা জিযিয়া প্রদানে বাধ্য করতে আল্লাহ তাআলা তার প্রিয় বান্দা মুসলমানদেরকে তার এই দুশমনদের বিরুদ্ধে কিতালের আদেশ দিয়েছেন। যাতে আল্লাহর যমীনে আল্লাহর দ্বীনই বিজয়ী থাকে। যেন কুফরের সকল শক্তি, সকল দম্ভ চূর্ণ-বিচূর্ণ ও ধূলিস্যাৎ হয়ে মাটির সাথে মিশে যায়।

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা তার প্রিয় বান্দাদেরকে সম্বোধন করে আদেশ দিচ্ছেন:

وَقَاتِلُوهُمْ حَتَّىٰ لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ

(আর তোমরা তাদের বিরুদ্ধে কিতাল কর, যতক্ষণ না ফিতনার অবসান হয় এবং দ্বীন-আনুগত্য পূর্ণরূপে আল্লাহর জন্য হয়ে যায়।)
[আনফাল: ৩৯]

যতদিন সামর্থ্য থাকে ততদিন তাদের বিরুদ্ধে কিতাল চালিয়ে যেতে হবে। কিতালের সামর্থ্য থাকা অবস্থায় যদি কাফেররা এই দুই পন্থা ব্যতীত অন্যকোন পন্থা অবলম্বন করতে চায়, তাহলে তার সুযোগ দেয়া হবে না। তারা যদি যিম্মি হয়ে মুসলমানদের অধিনস্থ হয়ে আল্লাহ তাআলার শরীয়তের অধীনে থাকতে রাজি না হয়, বরং মুসলমানদের সাথে চুক্তি করে তারা তাদের নিজেদের রাষ্ট্রে তাদের বিধান অনুযায়ী চলতে চায়, তাহলে তা মেনে নেয়া হবে না। এই ধরণের চুক্তি জায়েয হবে না। যদি তারা এই চুক্তির বিনিময়ে মুসলমানদেরকে অঢেল অর্থ-সম্পদও প্রদান করতে রাজি হয়, তবুও এই ধরণের চুক্তি জায়েয হবে না। বরং তাদের বিরুদ্ধে

কিতাল চালিয়ে যেতে হবে, যতক্ষণ না ইসলাম গ্রহণ করে কিংবা জিযিয়া দিয়ে যিম্মি হয়ে থাকতে সম্মত হয়। সামর্থ্য থাকা অবস্থায় এই ধরণের চুক্তি থেকে আল্লাহ তাআলা সম্পূর্ণ নিষেধ করেছেন।

তিনি ইরশাদ করেন:

فَلَا تَهِنُوا وَتَدْعُوا إِلَى السَّلْمِ وَأَنْتُمُ الْأَعْلَوْنَ

(অতএব, তোমরা হীনবল হয়ো না এবং যখন তোমরাই বিজয়ী থাক তখন সন্ধির আহ্বান জানিও না।)
[মুহাম্মদ: ৩৫]

ইমাম জাসসাস রহ. এই আয়াতের ব্যাখ্যায় বলেন:

فيه الدلالة على امتناع جواز طلب الصلح من المشركين وهو بيان لما أكد فرضه من قتال مشركي العرب حتى يسلموا وقتال أهل الكتاب ومشركي العجم حتى يسلموا أو يعطوا الجزية والصلح على غير إعطاء الجزية خارج عن مقتضى الآيات الموجبة لما وصفنا فأكد النهي عن الصلح بالنص عليه في هذه الآية.اه

"এ আয়াত বুঝাচ্ছে, মুশরেকদের সাথে চুক্তি করতে চাওয়া নিষিদ্ধ। এখানে তিনি ঐ ফরয বিধানের বর্ণনা দিচ্ছেন, যা তিনি অত্যন্ত জোরদারভাবে ফরয করেছেন। আর তা হচ্ছে, আরবের মুশরেকদের বিরুদ্ধে কিতাল চালিয়ে যাওয়া যতক্ষণ না তারা মুসলমান হয়ে যায় এবং অনারব মুশরেকদের বিরুদ্ধে কিতাল চালিয়ে যাওয়া যতক্ষণ না তারা মুসলমান হয়ে যায় কিংবা জিযিয়া প্রদানে সম্মত হয়। এ আয়াত এটিই ফরয করেছে যা আমি বলেছি। জিযিয়া ব্যতীত অন্য কোন কিছুতে সন্ধি করা এ আয়াতের চাহিদার পরিপন্থি। আল্লাহ তাআলা এ আয়াতে সুস্পষ্টরূপে এবং অত্যন্ত জোরদারভাবে সন্ধির উপর নিষেধাজ্ঞা আরোপ করেছেন।"
[আহকামুল কুরআন: ৩/৫২২]

[বি.দ্র: আরবের মুশরেকদের থেকে জিযিয়া গ্রহণ করা হবে না:

হানাফী মাযহাব মতে আরবের মুশরেকদের থেকে জিযিয়া গ্রহণ করা হবে না। তাদেরকে হয়তো মুসলমান হতে হবে, অন্যথায় হত্যা করে দেয়া হবে। যেমনটা আল্লাহ তাআলা ইরশাদ করেন:

تُقَاتِلُونَهُمْ أَوْ يُسْلِمُونَ

(মুসলমান না হওয়া পর্যন্ত তাদের বিরুদ্ধে কিতাল চালিয়ে যাবে।)

[ফাতহ: ১৬]

আর অনারব কাফেরদের ইখতিয়ার রয়েছে, ইচ্ছা করলে মুসলমানও হতে পারে, না হয় জিযিয়া দিযে যিম্মি হয়েও থাকতে পারে।]

ইবনুল হুমাম রহ. মাবসূত থেকে বর্ণনা করেন:

طلب ملك منهم الذمة على أن يترك أن يحكم في أهل مملكته ما شاء من قتل وظلم لا يصلح في الإسلام لا يجاب إلى ذلك؛ لأن التقرير على الظلم مع قدرة المنع منه حرام، ولأن الذمي من يلتزم أحكام الإسلام فيما يرجع إلى المعاملات فشرط خلافه باطل.اه

"যদি কাফেরদের কোন বাদশা যিম্মি হতে চায় এ শর্তে যে, সে তার রাজ্যের বাসিন্দাদের মাঝে যত ইচ্ছা হত্যা ও জুলুম চালাবে, যা ইসলাম সমর্থিত নয়: তাহলে তার এ প্রস্তাবে সাড়া দেয়া হবে না। কেননা, জুলুম দূর করার সামর্থ্য থাকা সত্বেও কাউকে জুলুম করতে থাকার উপর বহাল রাখা হারাম। তাছাড়া যিম্মি তো হচ্ছে ঐ ব্যক্তি

যে মুআমালার ক্ষেত্রে আবশ্যিকভাবে তার উপর ইসলামী বিধি বিধান প্রয়োগ হবে বলে মেনে নেয়। কাজেই এর বিপরীত শর্ত বাতিলযোগ্য গণ্য হবে।"

[ফাতহুল কাদীর: ৫/৪৪৭]

আর যদি কাফেরদের সাথে কিতাল করার মত শক্তি সামর্থ্য মুসলমানদের না থাকে, তাহলে আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা তাদেরকে ই'দাদ করতে আদেশ দিয়েছেন। কেননা, আল্লাহর যমীনে আল্লাহর দুশমনেরা আল্লাহর বিধান মেনে না নিয়ে দম্ভভরে নিজেদের মনগড়া বিধান মতে চলবে, তা কিছুতেই হতে দেয়ার মতো নয়। কাজেই বর্তমানে শক্তি না থাকলে শক্তি অর্জন করে কিতাল করতে হবে।

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা মুসলমানদেরকে আদেশ দিয়ে বলছেন:

وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوَّ اللَّهِ وَعَدُوَّكُمْ وَآخَرِينَ مِنْ دُونِهِمْ لَا تَعْلَمُونَهُمُ اللَّهُ يَعْلَمُهُمْ

"আর তাদের মোকাবেলার জন্য তোমাদের সামর্থ্য অনুযায়ী শক্তি ও অশ্ববাহিনী প্রস্তুত কর, যার দ্বারা তোমরা আল্লাহর দুশমন ও তোমাদের নিজেদের দুশমনদেরকে ভীত সন্ত্রস্ত্র রাখবে এবং ঐ সব দুশনমনকেও যাদেরকে তোমরা জাননা কিন্তু আল্লাহ জানেন।"

[আনফাল: ৬০]

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. বলেন:

<u>يجب الاستعداد للجهاد بإعداد القوة ورباط الخيل في وقت سقوطه للعجز فإن ما لا يتم الواجب إلا به فهو واجب.اهـ</u>

<u>"সামর্থ্য না থাকার কারণে জিহাদ করা সম্ভব না হলে, শক্তি ও অশ্ববাহিনী প্রস্তুত করার মাধ্যমে জিহাদের প্রস্তুতি গ্রহণ ফরয হবে। কেননা, যে জিনিস ব্যতীত ফরয আদায় করা সম্ভব না হয় সেটাও ফরয হয়ে থাকে।"</u>

[মাজমুউল ফাতাওয়া: ২৮/২৫৯]

মুসলমানদের এই দুর্বলতার সময়ে যদি কাফেররা আমাদের সাথে সাময়িকভাবে একটা নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত কিতাল বন্ধের চুক্তি করতে চায়, তাহলে ই'দাদের সুবিধার্থে কাফেরদের সাথে এ ধরণের চুক্তি করা জায়েয হবে। দুর্বলতার এ সময়টিতে চুক্তি জায়েয হওয়ার দিকে ঈঙ্গিত করে আল্লাহ তাআলা ইরশাদ করেন:

وَإِنْ جَنَحُوا لِلسَّلْمِ فَاجْنَحْ لَهَا وَتَوَكَّلْ عَلَى اللَّهِ إِنَّهُ هُوَ السَّمِيعُ الْعَلِيمُ

(আর তারা যদি সন্ধির প্রতি আগ্রহ প্রকাশ করে তাহলে আপনিও সেদিকেই আগ্রহ প্রকাশ করুন এবং আল্লাহর উপর তাওয়াক্কুল করুন। নিশ্চয়ই তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।)

[আনফাল: ৬১]

ইমাম জাসসাস রহ. বলেন:

فالحال التي أمر فيها بالمسألة هي حال قلة عدد المسلمين وكثرة عدوهم والحال التي أمر فيها بقتل المشركين وبقتال أهل الكتاب حتى يعطوا الجزية هي حال كثرة المسلمين وقوتهم على عدوهم وقد قال تعالى فلا تهنوا وتدعوا إلى السلم وأنتم الأعلون والله معكم فنهى عن المسالمة عند القوة على قهر العدو وقتلهم وكذلك قال أصحابنا إذا قدر بعض أهل الثغور على قتال العدو ومقاومتهم لم تجز لهم مسالمتهم ولا يجوز لهم إقرارهم على الكفر إلا بالجزية وإن ضعفوا عن قتالهم جاز لهم مسالمتهم .اهـ

"সন্ধির আদেশ দেয়া হয়েছে ঐ অবস্থায় যখন মুসলমানগণ সংখ্যায় থাকে অল্প আর শত্রু সংখ্যা অনেক। আর মুশরেকদেরকে কতল করা এবং আহলে কিতাবের বিরুদ্ধে জিযিয়া প্রদানে সম্মত হওয়া পর্যন্ত কিতাল করে

যাওয়ার আদেশ দেয়া হয়েছে যখন মুসলমানরা সংখ্যায় হয় অনেক এবং শত্রুদের উপর হয় ক্ষমতাবন। আল্লাহ তাআলা ইরশাদ করেন:

فَلَا تَهِنُوا وَتَدْعُوا إِلَى السَّلْمِ وَأَنْتُمُ الْأَعْلَوْنَ وَاللَّهُ مَعَكُمْ

(অতএব, তোমরা হীনবল হয়ো না এবং যখন তোমরাই বিজয়ী থাক তখন সন্ধির আহ্বান জানিও না। আর আল্লাহ তোমাদের সাথে আছেন।)

অতএব, শত্রুকে বশীভূত এবং হত্যা করার সামর্থ্য থাকা অবস্থায় সন্ধি করতে নিষেধ করেছেন। আমাদের ইমামগণ এমনটিই বলেন। যদি দারুল হরবের পার্শ্ববর্তী কোন সীমান্তের মুসলমানগণ শত্রুর সাথে যুদ্ধ ও মোকাবেলা করতে সমর্থ্য হয়, তাহলে তাদের জন্য তাদের সাথে সন্ধি করা জায়েয হবে না। জিযিয়া ব্যতীত তাদেরকে কাফের অবস্থায় বহাল রাখা জায়েয হবে না। তবে যদি তাদের সাথে কিতাল করতে সমর্থ্য না হয়, তাহলে সন্ধি করা জায়েয হবে।”

[আহকামুল কুরআন: ৩/৯০]

মুসলমানদের এ দুর্বলতার সময়ে কাফেরদের সাথে সাময়িকভাবে যুদ্ধ বন্ধের চুক্তির ফলে বাহ্যিকভাবে যদিও জিহাদ বন্ধ রয়েছে, কিন্তু প্রকৃত অর্থে জিহাদ বন্ধ নেই। কেননা, আমরা তো আজীবনের জন্য তাদেরকে যুদ্ধ থেকে মুক্তি দিয়ে দেইনি। বরং আমরা আমাদের স্বার্থে যুদ্ধের প্রস্তুতির জন্য আপাতত জিহাদ বন্ধ রাখছি। এ কারণে আল্লাহ তাআলার দরবারে আমরা জিহাদ পরিত্যাগকারী বলে গণ্য হবো না। জিহাদ তরক করার যে সমস্ত শাস্তি ও আজাবের কথা বলা আছে সেগুলো আমাদের উপর আপতিত হবে না। কেননা, আমরা জিহাদ তরক করে দেইনি, জিহাদের প্রস্তুতি নিচ্ছি।

‘মালিকুল ওলামা’-‘ওলামাদের সম্রাট’ বলে খ্যাত বিশিষ্ট ফকীহ আল্লামা আলাউদ্দীন কাসানী রহ. এ বিষয়টিকে সুন্দরভবে ফুটিয়ে তুলেছেন। তিনি বলেন:

وأما شرائط الركن فأنواع: منها أن يكون في حال يكون بالمسلمين ضعف، وبالكفرة قوة؛ لأن القتال فرض، والأمان يتضمن تحريم القتال، فيتناقض. إلا إذا كان في حال ضعف المسلمين وقوة الكفرة؛ لأنه إذ ذاك يكون قتالا معنى؛ لوقوعه وسيلة إلى الاستعداد للقتال، فلا يؤدي إلى التناقض.اهـ

“কাফেরদেরকে আমান-নিরাপত্তা দেয়া (এবং এর ফলশ্রুতিতে তাদের বিরুদ্ধে কিতাল বন্ধ রাখা) জায়েয হওয়ার জন্য কয়েকটি শর্ত রয়েছে। সেগুলোর মধ্যে একটি হলো: তা হতে হবে যখন মুসলমানরা থাকে দুর্বল আর কাফেররা হয় শক্তিশালী। কেননা, কিতাল ফরয। আর আমান দেয়ার অর্থ হচ্ছে কিতাল নিষিদ্ধ করা। কাজেই তা (ফরয বিধানের সাথে) সাংঘর্ষিক। তবে মুসলমানরা দুর্বল এবং বিপরীতে কাফেররা শক্তিশালী হলে তা জায়েয হবে। কেননা, তখন তা অর্থগতভাবে কিতালের নামান্তর হবে। কারণ, তখন তা কিতালের ই’দাদ-প্রস্তুতি গ্রহণের ওসীলা হচ্ছে। কাজেই তা সাংঘর্ষিক হচ্ছে না।”

[বাদায়িউস সানায়ি’: ৭/১০৬]

অন্যত্র তিনি বলেন:

ان الاصل في الامان أن لا يجوز لان القتال فرض والامان يحرم القتال الا إذا وقع في حال يكون بالمسلمين ضعف وبالكفرة قوة لوقوعه وسيلة إلى الاستعداد للقتال في هذه الحالة فيكون قتالا معنى إذ الوسيلة إلى الشئ حكمها حكم ذلك الشئ .اه

"মূলত কাফেরদেরকে আমান-নিরাপত্তা দেয়া জায়েয নেই। কেননা, কিতাল ফরয। আর আমান কিতালকে নিষিদ্ধ করে। তবে মুসলমানরা দুর্বল এবং বিপরীতে কাফেররা শক্তিশালী হলে তা জায়েয হবে। কেননা, তখন তা কিতালের ই'দাদ-প্রস্তুতি গ্রহণের ওসীলা হচ্ছে। ফলে সেটি তখন অর্থগতভাবে কিতালের নামান্তর। কারণ, কোন বস্তুর যে বিধান, উক্ত বস্তু পর্যন্ত পৌঁছতে যেটি ওসীলা হয়, সেটির বিধানও তা-ই।"
[বাদায়িউস সানায়ি': ৯/৩১১]

বি.দ্র: মুসলমানদের বাহ্যিক উপায় উপকরণ ও সাজ-সরঞ্জাম কাফেরদের সমান বা বেশি হতে হবে না:

মুসলমানরা কাফেরদের বিরুদ্ধে শক্তিশালী ও সামর্থ্যবান হওয়ার অর্থ এই নয় যে, মুসলমানদের বাহ্যিক উপায় উপকরণ ও সাজ সরঞ্জাম কাফেরদের সমান বা বেশি। বরং মুসলমানদের সাথে কাফেরদের যেসব যুদ্ধ হয়েছে এবং এখনও যেসব যুদ্ধ হচ্ছে সেগুলোর অভিজ্ঞতার আলোকে মুসলমানরা যতটুকু বাহ্যিক উপায় উপকরণ ও সাজ সরঞ্জামের অধিকারী হলে কাফেরদের মোকাবেলা করতে পারবে বলে প্রবল ধারণা হয় ততটুকুতেই তারা কাফেরদের বিরুদ্ধে শক্তিশালী ও সামর্থ্যবান বলে বিবেচিত হবে। আল্লামা কাসানী রহ. এর বক্তব্য আমি আলোচনা করে এসেছি। এখানে আবার তা স্মরণ করিয়ে দিচ্ছি। তিনি বলেন:

الغزاة إذا جاءهم جمع من المشركين ما لا طاقة لهم به ، وخافوهم أن يقتلوهم ، فلا بأس لهم أن ينحازوا إلى بعض أمصار المسلمين أو إلى بعض جيوشهم ، والحكم في هذا الباب لغالب الرأي ، وأكبر الظن دون العدد ، فإن غلب على ظن الغزاة أنهم يقاومونهم يلزمهم الثبات.اه

"যখন মুজাহিদদের বিরুদ্ধে মুশরেকদের এমন এক বাহিনী যুদ্ধে অবতীর্ণ হয় যাদেরকে মোকাবেলা করার সামর্থ্য তাদের নেই, বরং তাদের আশংকা হচ্ছে, মুশরেকরা তাদেরকে হত্যা করে ফেলবে- তাহলে তারা মুসলমানদের কোন শহরে বা অন্য কোন মুসলিম বাহিনীর কাছে গিয়ে আশ্রয় নিতে কোন অসুবিধে নেই।

এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে 'গালেবে জন্ ও আকবারুর রায়' তথা প্রবল ধারণার ভিত্তিতে। সংখ্যার ভিত্তিতে নয়। মুজাহিদদের যদি প্রবল ধারণা হয়, তারা তাদের মোকাবেলা করতে পারবে, তাহলে তাদের জন্য যুদ্ধে অটল থাকা আবশ্যক। যদিও তারা সংখ্যায় কাফেরদের চেয়ে কম হয়।"
[বাদায়িউস সানায়ে': ৬/ ৫৯]

আশাকরি পূর্বোক্ত আলোচনা থেকে স্পষ্ট যে, সামর্থ্য থাকলে কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যাওয়া ফরয। এমনিতেই যুদ্ধ তরক করা কিংবা যুদ্ধ বিরতির চুক্তি করা হারাম। আর সামর্থ্য না থাকলে ই'দাদ-প্রস্তুতি গ্রহণ ফরয। সামর্থ্য নেই বলে হাত গুটিয়ে বসে থাকার বৈধতা নেই।

ই’দাদের হুকুম কি? ফরযে কিফায়া না ফরযে আইন?

এতক্ষণে আমরা বুঝতে পারলাম ই’দাদ ফরয। কাফেরদেরকে সদা সর্বদা ভীত সন্ত্রস্ত্র রাখার জন্য এবং তাদের বিরুদ্ধে কিতাল করে তাদের শক্তি ও দম্ভকে চূর্ণ বিচূর্ণ করে আল্লাহর যমীনে একমাত্র আল্লাহরই দ্বীনকে বিজয়ী করার জন্য ই’দাদ ফরয। কিন্তু তা কোন প্রকারের ফরয? ফরযে আইন না ফরযে কিফয়া ?

উত্তর হচ্ছে: ই’দাদের হুকুম জিহাদের হুকুমের অনুরূপ। জিহাদ যেমন কখনো ফরযে কিফায়া আবার কখনো ফরযে আইন, ই’দাদও তেমনি কখনো ফরযে কিফায়া আবার কখনো ফরযে আইন।

ইমাম কুরতুবী রহ. বলেন:

وتعلم الفروسية واستعمال الأسلحة فرض كفاية وقد يتعين.اه

“অশ্বচালনা শিক্ষা করা এবং অস্ত্রপাতির ব্যবহার রপ্ত করা ফরযে কিফায়া। তবে কখনো কখনো ফরযে আইন হয়ে যায়।”

[তাফসীরে কুরতুবী: ৮/৩৬]

শায়খ সুলাইমান আল-আলাওয়ান (ফাক্কাল্লাহু আসরাহ) বলেন:

وجعلوه إحدى فروض الكفايات ، وقد يكون فرض عين على أهل القدرة من الذكور ، شأنه في ذلك شأن الجهاد ، منه ما هو فرض عين ، ومنه ما هو فرض كفاية.اه

“আইম্মায়ে কেরাম ই’দাদকে ফরযে কিফায়া সাব্যস্ত করেছেন। তবে সক্ষম পুরুষদের উপর কখনো কখনো ফরযে আইন হয়ে যায়। এর হুকুম জিহাদের হুকুমের অনুরূপ। জিহাদ যেমন ফরযে আইন ও ফরযে কিফায়া দুই ভাগে বিভক্ত; ই’দাদও তেমনি।”

[ফতওয়া ফী তাওজীহিল উম্মাহ]

স্বাভবিক অবস্থায় যখন জিহাদ ফরযে আইন থাকে না বরং ফরযে কিফায়া থাকে, তখন ই’দাদ ফরয়ে কিফায়া। উম্মাহর একটা অংশ যদি এই ফরয আদায় করে ফেলে তাহলে বাকিদের উপর আর আবশ্যক থাকবে না। যদি কোন অংশই তা আদায় না করে তাহলে সকলেই ফরয তরকের কারণে গুনাহগার হবে।

স্বাভাবিক অবস্থায় ফরযে কিফায়া হওয়ার কারণ হচ্ছে: ই’দাদের দ্বারা তখন উদ্দেশ্য হবে কাফেরকে ভীত সন্ত্রস্ত্র রাখা এবং তাদের বিরুদ্ধে বছরে একবার বা দু’বার জিহাদ পরিচালনা করা। যদি এই উদ্দেশ্য মুসলমানদের একটা অংশের দ্বারা আদায় হয়ে যায় তাহলে আল্লাহ তাআলার আদেশ পালন হয়ে গেল। কাফেরকে ভীত সন্ত্রস্ত্র রাখা এবং তাদের বিরুদ্ধে জিহাদ পরিচালনা করাই মূল উদ্দেশ্য। সকলেই জিহাদে শরীক হওয়া উদ্দেশ্য নয়। উদ্দেশ্য যদি কিছু সংখ্যক মুসলমানের দ্বারা আদায় হয়ে যায় তাহলে বাকিদের উপর আর আবশ্যক থাকবে না।

কিন্তু নামায-রোযা এমন নয়। কিছু সংখ্যক মুসলমান নামায আদায় করে নিলে বা রোযা পালন করে নিলে বাকিরা দায়িত্বমুক্ত হবে না। কেননা, এক্ষেত্রে নামায ও রোযা সকলের থেকেই কাম্য। কাজেই সকলকেই নামায ও রোযা আদায় করতে হবে।

কিন্তু ই’দাদের ক্ষেত্রে কাফেরদেরকে ভীত সন্ত্রস্ত্র রাখা এবং তাদের বিরুদ্ধে জিহাদ পরিচালনা করাই মূল উদ্দেশ্য। যদি কিছু সংখ্যক মুসলমানের দ্বারা এই ভীত সন্ত্রস্ত্র রাখা এবং জিহাদ পরিচালনা করার কাজটা আদায় হয়ে যায় তাহলে বাকিরা দায়িত্বমুক্ত হয়ে যাবে। যদি উক্ত উদ্দেশ্য কোন অংশের দ্বারাই আদায় না করা হয় তাহলে সকলেই গুনাহগার হবে।

‘মাহাসিনুত তা’বীল’ তাফসীরের প্রণেতা শায়খ জামালুদ্দীন কাসেমী রহ. (মৃত্যু: ১৯১৪ ইং.) বলেন:

تنبيه:

دلت هذه الآية على وجوب إعداد القوة الحربية، اتقاء بأس العدو وهجومه. ولما عمل الأمراء بمقتضي هذه الآية، أيام حضارة الإسلام، كان الإسلام عزيزا، عظيما ... وأما اليوم، فقد ترك المسلمون العمل بهذه الآية الكريمة، ومالوا إلى النعيم والترف فأهملوا فرضا من فروض الكفاية، فأصبحت جميع الأمة آثمة بترك هذا الفرض.اه

“বি.দ্র:

এই আয়াত – অর্থাৎ وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ ... – প্রমাণ করে, শত্রুর যুদ্ধ ও আগ্রাসন থেকে সুরক্ষার জন্য সামরিক শক্তি প্রস্তুত করা ফরয। ইসলামের শ্যামলী যামানায় উমারাগণ যখন এ আয়াতের চাহিদা অনুযায়ী আমল করতেন তখন ইসলাম প্রতাপশালী ও মর্যাদার অধিকারী ছিল। ... কিন্তু আজ মুসলমানগণ এই আয়াতে কারীমার উপর আমল ছেড়ে দিয়েছে। আরাম আয়েশ ও ভোগ বিলাসিতার প্রতি ঝুঁকে পড়েছে। একটি ফরযে কেফায়া তরক করে দিয়েছে। ফলে সমগ্র উম্মাহ এই ফরয তরকের কারণে গুনাহগার হচ্ছে।”

[মাহাসিনুত তা’বীল: ৫/৩১৬]

উসমানী খেলাফতের শেষের দিকে যখন মুসলমানরা জিহাদ ও ই’দাদের ব্যাপারে উদাসীন হয়ে পড়ে তখন শায়খ দু:খ করে এই মন্তব্য করেছিলেন।

যাহোক, স্বাভাবিক অবস্থায় ই’দাদ ফরযে কিফায়া।

পক্ষান্তরে যদি শত্রুরা মুসলিম ভূখণ্ডে আগ্রাসন চালায়, তাহলে প্রথমত ঐ এলাকার সকলের উপর জিহাদ ফরযে আইন হয়ে যাবে; যার ফলশ্রুতিতে ই’দাদও ফরযে আইন হয়ে যাবে। যদি তারা শত্রুদেরকে প্রতিহত করতে না পারে বা অলসতা বশত না করে, তাহলে তার পার্শ্ববর্তী এলাকার মুসলমানদের উপর জিহাদ ফরযে আইন হয়ে যাবে; যার ফলশ্রুতিতে ই’দাদও ফরযে আইন হয়ে যাবে। এভাবে ক্রমে ক্রমে যদি সারা দুনিয়ার সকল মুসলমান জিহাদে অংশগ্রহণ ব্যতীত মুসলিম ভূখণ্ড থেকে শত্রুদেরকে তাড়ানো সম্ভব না হয়, তাহলে সারা দুনিয়ার সকল মুসলমানের উপর জিহাদ ফরযে আইন হয়ে যাবে; যার ফলশ্রুতিতে ই’দাদও ফরযে আইন হয়ে যাবে। কেননা, ই’দাদ ব্যতীত জিহাদ সম্ভব নয়। জিহাদ যেহেতু ফরযে আইন, ই’দাদও ফরযে আইন।

বর্তমানে ই’দাদ ফরযে আইন:

বর্তমানে মা’যুর ব্যতীত বাকি সকল মুসলমানের উপর ই’দাদ ফরযে আইন। কেননা, জিহাদ ফরযে আইন হয়ে গেলে ই’দাদও ফরযে আইন হয়ে যায়। এ ব্যাপারে ইতিপূর্বে আলোচনা হয়েছে। বর্তমানে যেহেতু জিহাদ ফরযে আইন; কাজেই ই’দাদও ফরযে আইন।

বর্তমানে প্রায় সবগুলো মুসলিম ভূমি কাফের-মুরতাদদের দখলে। হয়তো কাফেররা সরাসরি সেগুলো দখল করে নিয়েছে (যেমন- স্পেন, ভারত, আরাকান, পূর্ব তুর্কিস্তান...) নতুবা তাদের হাতে গড়া এবং তাদেরই এজেন্ডা বাস্তবায়নকারী মুসলিম নামধারী মুরতাদ শাসক গোষ্ঠীকে ক্ষমতায় বসিয়ে দিয়েছে (যেমন- অধিকাংশ মুসলিম দেশের অবস্থা)। কাজেই বর্তমানে সকল মুসলমানের উপর জিহাদ ফরযে আইন। আর এই ফরয বহাল থাকবে যতদিন পর্যন্ত না এই কাফের-মুরতাদদেরকে হটিয়ে এবং এই কুফরি শাসন ব্যবস্থাকে দূর করে ইসলামী শাসন কায়েম করা যায়।

জিহাদ ফরযে আইন ফতোয়া দেয়ার পর আর নতুন করে ‘ই’দাদ ফরয’ ফতোয়া দিতে হয় না। কারণ জিহাদ ফরযে আইন হওয়ার অর্থই তো হচ্ছে, এখন কাফেরদের মোকাবেলায় নামতে হবে। মুসলিম ভূখণ্ড থেকে তাদেরকে হটানোর জন্য যা করার তার সবই করতে হবে। যত ই’দাদ লাগে সম্পন্ন করতে হবে। যত সম্পদ প্রয়োজন দিতে হবে। যত যুদ্ধ প্রয়োজন করতে হবে। যেমন, নামায ফরয বলার পর আর অযু ফরয বলতে হয় না। কেননা, নামায অযু ছাড়া আদায় করা যায় না। তদ্রূপ জিহাদ ফরযে আইন বলার পর আর ই’দাদ ফরযে আইন বলতে হয় না। কারণ জিহাদ ই’দাদ ছাড়া করা যায় না।

এ কারণে ওলামায়ে কেরাম সাধারণত ফতোয়া দিয়ে থাকেন, বর্তমানে জিহাদ ফরযে আইন। ই’দাদও ফরযে আইন এটা আর বলার প্রয়োজন মনে করেন না। কেননা, বিষয়টা একেবারেই সুস্পষ্ট। কিন্তু দু:খের বিষয়: একশো বছর যাবৎ খেলাফত না থাকার কারণে দ্বীনের সুস্পষ্ট বিষয়গুলোও আজ উম্মাহর কাছে অস্পষ্ট। জিহাদ ফরযে আইন ফতোয়ার পরও উম্মাহর অনেকে বলে থাকেন, জিহাদ তো ফরয কিন্তু ই’দাদ ফরয নয়। হায়! ই’দাদ যদি ফরয না হয়, তাহলে জিহাদ ফরয হওয়ার কি অর্থ ?? জিহাদ ফরয হওয়ার অর্থ কি এখন হাত পা গুটিয়ে ঘরে বসে থাকতে হবে ??

উম্মাহর এই উদাসীনতা আর লা-ইলমীর কথা চিন্তা করে কোন কোন আলেম ই’দাদ যে ফরযে আইন সেটারও ফতোয়া দিয়েছেন। এখানে আমি বর্তমান ওলামাদের কয়েকজনের ফতোয়া উল্লেখ করব।

(এক) শায়খ আবু কাতাদা ফিলিস্তিনি হাফিজাহুল্লাহ এর ফতোয়া:

শায়খ আবু কাতাদা ফিলিস্তিনি হাফিজাহুল্লাহ এর কাছে সামরিক ই’দাদের ব্যাপারে জিজ্ঞাসা করা হয়। তিনি ফতোয়া দেন, বর্তমানে ই’দাদ ফরযে আইন। নিচে সওয়াল ও জওয়াব সহ মূল ফতোয়া এবং তার তরজমা তুলে ধরছি:

((السلام عليكم ورحمة الله وبركاته:

سؤال لفضيلة الشيخ أبي قتادة؛

ما حكم الإعداد العسكري للجهاد في سبيل الله وهل هو فرض عين على المقتدر؟

* * *

الجواب:

وعليكم السلام ورحمة الله وبركاته.

أخي الطيب :

اعلم أن الجهاد اليوم فرض عين على كل مسلم قادر.

فالجهاد ضد اليهود فرض عين والجهاد ضد طواغيت العرب والعجم الذين بدلوا الشريعة واستحلوا الحرمات وناصروا أعداء الله تعالى وقتلوا المسلمين بسبب دينهم كل هؤلاء يجب أن يعلم أن الجهاد ضدهم فرض عين.

وحين يكون الأمر فرض عين تصبح مقدماته ووسائله كذلك، إذ الوسائل لها حكم المقاصد، والإعداد هو وسيلة الجهاد الذي لا يتحقق إلا بها، وبالتالي فالإعداد فرض عين اليوم على كل مسلم قادر ومن هذا الإعداد هو الإعداد العسكري ...اهـ))

"আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ্।

শ্রদ্ধেয় শায়খ আবু কাতাদার নিকট সওয়াল:

'জিহাদ ফী সাবীল্লাহ'র জন্য সামরিক ই'দাদের হুকুম কী? সক্ষম ব্যক্তিদের উপর কি তা ফরযে আইন?'

জওয়াব:

ওয়া আলাইকুমুস সালামু ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ্।

শোনো, হে আমার প্রিয় ভাই! প্রত্যেক সক্ষম মুসলমানের উপর আজ জিহাদ ফরযে আইন। ইয়াহুদিদের বিরুদ্ধে জিহাদ ফরযে আইন। আরব ও অনারব তাগুতদের বিরুদ্ধে জিহাদ ফরযে আইন; যারা শরীয়তকে পরিবর্তন করেছে, হারামগুলোকে বৈধতা দিয়েছে, আল্লাহর দুশমনদেরকে সহায়তা করছে, মুসলমানদের তাদের দ্বীনের কারণে হত্যা করছে। জেনে রাখা উচিৎ, এদের সকলের বিরুদ্ধেই জিহাদ ফরযে আইন।

কোন জিনিস ফরযে আইন হয়ে গেলে তার 'মুকাদ্দামাত ও ওসায়েল' তথা যেসব জিনিস তার আগে করতে হয় এবং যেসব জিনিসকে উক্ত জিনিস পর্যন্ত পৌঁছার ওসীলা ও মাধ্যম হিসেবে গ্রহণ করতে হয়, সেগুলোও ফরযে আইন হয়ে যায়। কেননা, ওসায়েল-মাধ্যমের হুকুম মূল মাকসাদের হুকুমের অনুরূপ। আর ই'দাদ জিহাদের ওসীলা, যা ছাড়া জিহাদ সম্ভব নয়। ফলশ্রুতিতে সকল সক্ষম মুসলমানের উপর আজ ই'দাদ ফরযে আইন। সামরিক প্রস্তুতিও ইদাদেরই একটা অংশ।"

(দুই) শায়খ হাযিম আল-মাদানী'র ফতোয়া:

تنبيه [الإعداد للجهاد فرض عين يأثم تاركه] . اهـ

"বি.দ্র: ই'দাদ ফরযে আইন। ই'দাদ তরককারী গুনাহগার হবে।"

[হা-কাযা নারাল জিহাল ওয়া নুরীদুহ, পৃষ্ঠা: ২৪]

(তিন) শায়খ সুলায়মান আল-আলাওয়ান – ফাক্কাল্লাহু আসরাহ – এর ফতোয়া:

তিনি বলেন:

وإنه لمن الواجبات المتحتمة على الأمة الإسلامية بكل رجالها من علماء ودعاة ومفكرين ومصلحين وساسة ومثقفين توعية الأمة بمدى ما يريد منها أعداؤها ، وتبصيرهم بهذه الحرب الصليبية العالمية ، وأن يستعدوا لمكافحة هذا الزحف الصليبي ، ومواجهته بكل الوسائل والسبل ، وردهم بالسيف والسنان ، من النزول في ساحات المعارك القتالية ونسف جماجم أعداء الله الصليبيين ، وفضح مخططاتهم وكشف أساليبهم العفنة ، وأرائهم التي أسست على الوحشية والهمجية.اهـ

"উম্মাতে মুসলিমার সকল আলেম, দাঈ', চিন্তাবিদ, সংস্কারক, নেতা ও শিক্ষাবিদের উপর অত্যাবশ্যকীয় ফরয হচ্ছে: উম্মাহর দুশমনরা তাদের থেকে কি চাচ্ছে সে ব্যাপারে উম্মাহকে সচেতন করে তোলা; এই বৈশ্বিক ক্রুসেড যুদ্ধের ব্যাপারে তাদেরকে জাগ্রত করে তোলা, এই ক্রুসেডীয় আগ্রাসনের মোকাবেলা ও প্রতিরোধের জন্য সকল পন্থা ও সব ধরণের উপায় উপকরণ অবলম্বনের মাধ্যমে প্রস্তুতি গ্রহণ করা; তরবারি ও বর্শার মাধ্যমে তাদেরকে প্রতিরোধ করা, যাতে তারা যুদ্ধের ময়দানে অবতীর্ণ হতে না পারে; খ্রিস্টীয় আল্লাহর দুশমনদের মাথার খুলি উড়িয়ে দেয়া; তাদের প্লান-পরিকল্পনাসমূহের রহস্য উন্মোচন করে দেয়া; তাদের বিকৃত কর্মপন্থাসমূহ এবং পশুত্ব ও বর্বরতার উপর প্রতিষ্ঠিত তাদের অসৎ চিন্তা চেতনাগুলো প্রকাশ করে দেয়া।"
[ফাতওয়া ফী তাওজীহিল উম্মাহ: ৭]

তিনি আরোও বলেন:

وفرض على الحكومات والجماعات والأفراد ذوي القدرات الاستعداد للجهاد وإعداد العدة من السلاح والمال ونحو ذلك من الأمور المعينة على صد العدو وهزيمته ورد كيده ، وتخليص المسلمين المستضعفين من أعدائهم .اه

"সকল হুকুমত, সকল জামাআত ও সকল সক্ষম ব্যক্তির উপর ফরয হচ্ছে জিহাদের জন্য ই'দাদ করা; অস্ত্র, সম্পদ এবং এ জাতীয় অন্যান্য বিষয় প্রস্তুত করা, যা শত্রুকে প্রতিহত ও পরাজিত করতে, তার ষড়যন্ত্রকে নস্যাৎ করে দিতে এবং দুর্বল-অসহায় মুসলমানদেরকে তাদের দুশমনদের হাত থেকে মুক্ত করতে সহায়ক হবে।"
[ফাতওয়া ফী তাওজীহিল উম্মাহ: ৮]

সামনে গিয়ে বলেন :

ولا تتأتى حماية بلاد المسلمين وصد عدوان الظالمين إلا بالقتال ، ولا يتأتى القتال ولا سيما في عالمنا الحاضر في ظل تطور الأسلحة إلا بالإعداد والتدريب ، ومالا يتم الواجب إلا به فهو واجب .اه

"মুসলিম রাষ্ট্রগুলো হেফাজত করা এবং জালেমদের ঔদ্ধত্য প্রতিহত করা কিতাল ব্যতীত সম্ভব নয়। আর – বিশেষত আমাদের বর্তমান যামানায় – প্রশিক্ষণ ও চর্চা ব্যতীত আধুনিক অস্ত্রপাতি নিয়ে কিতাল করা সম্ভব নয়। আর যে জিনিস ব্যতীত ফরয আদায় সম্ভব নয় তা-ও ফরয।"
[ফাতওয়া ফী তাওজীহিল উম্মাহ: ১০]

যারা সামর্থ্য থাকা সত্বেও প্রয়োজনের সময় জিহাদ ও ই'দাদ থেকে পিছিয়ে থাকে তাদের ব্যাপারে বলেন:

ومن تخلف عن الجهاد والإعداد حين القدرة على ذلك والحاجة إليه ففيه شبه من المنافقين الذين قال الله عنهم (وَلَوْ أَرَادُوا الْخُرُوجَ لَأَعَدُّوا لَهُ عُدَّةً وَلَكِنْ كَرِهَ اللَّهُ انْبِعَاثَهُمْ فَثَبَّطَهُمْ وَقِيلَ اقْعُدُوا مَعَ الْقَاعِدِينَ).اه

"সামর্থ্য থাকা সত্বেও প্রয়োজনের সময় যে জিহাদ ও ই'দাদ থেকে পিছিয়ে থাকে তার সাথে মুনাফিকদের সাদৃশ্যতা বিদ্যমান, যে মুনাফিকদের ব্যাপারে আল্লাহ তাআলা ইরশাদ করেন:

(وَلَوْ أَرَادُوا الْخُرُوجَ لَأَعَدُّوا لَهُ عُدَّةً وَلَكِنْ كَرِهَ اللَّهُ انْبِعَاثَهُمْ فَثَبَّطَهُمْ وَقِيلَ اقْعُدُوا مَعَ الْقَاعِدِينَ)

(আর যদি তারা বের হওয়ার ইচ্ছা করত, তবে তার জন্য তারা সরঞ্জাম প্রস্তুত করত। কিন্তু আল্লাহ তাদের বের হওয়াকে অপছন্দ করলেন, ফলে তাদেরকে পিছিয়ে দিলেন, আর বলা হলো, 'বসে থাক তোমরা বসে থাকা লোকদের সাথে।')
[ফাতওয়া ফী তাওজীহিল উম্মাহ: ৯]

চতুর্দিকে তাগুতবাহিনী ও তাদের দোসররা, ই'দাদ কীভাবে করব ?

ই'দাদ ফরযে আইন শোনার পর এবার সবার মনেই সাধারণত যে প্রশ্নটা আসবে তা হলো: 'আমাদের চারদিকেই তো তাগুত বাহিনী ও তাদের দোসররা ঘুরাফেরা করছে, এমতাবস্থায় ই'দাদ কীভাবে করব'?

আর যারা মুজাহিদদেরকে একটু বাঁকা চোখে দেখে তারা বলবে, এই দেখ জিহাদিদের কাণ্ড!! সবাইকে অস্ত্র হাতে মাঠে নেমে জীবন খোয়ানোর ফতোয়া দিচ্ছে!!

আসলে বিষয়টা এমন নয়। এখানে দু'টো বিষয় লক্ষ্যনীয়:

১. ই'দাদ শুধু অস্ত্রচালনার নাম নয়। অস্ত্রচালনা রপ্ত করা ই'দাদের একটা অংশ। এটাই প্রথম ও এটাই শেষ এমন নয়। সমগ্র দুনিয়ার কাফের মুরতাদদের বিরুদ্ধে একটা সুশৃংখল ও সুপরিকল্পিত দীর্ঘ যুদ্ধ পরিচালনার জন্য যা লাগে সবই ই'দাদের মধ্যে গণ্য।

২. ই'দাদ ফরয হওয়ার অর্থ এই নয় যে, এখনই অস্ত্র হাতে মাঠে নেমে তাগুতদের হাতে জীবন দিতে হবে। তাগুতদের হাতে জীবন দেয়ার নাম ই'দাদ নয়, তাগুতদের বিরুদ্ধে যুদ্ধের প্রস্তুতির নাম ই'দাদ। আর এ ক্ষেত্রে প্রত্যেক মুসলমানের উপর ই'দাদের ততটুকুই ফরয, যতটুকু তার সামর্থ্যে আছে। আল্লাহ তাআলা ইরশাদ করেন:

لَا يُكَلِّفُ اللَّهُ نَفْسًا إِلَّا وُسْعَهَا

(আল্লাহ কোন ব্যক্তিকে তার সামর্থ্যের বাইরে দায়িত্ব দেন না।)
[বাক্বারা: ২৮৬]

যে যতটুকু ই'দাদ করতে সমর্থ্য তার উপর ততটুকুই ফরয। চতুর্দিকে তাগুত ও তাদের দোসররা জিহাদপ্রেমিদেরকে খুঁজছে। ধরতে পারলে কী করবে তা বুঝিয়ে বলা নিষ্প্রয়োজন। কিন্তু এরপরও ই'দাদের ফরয রহিত হয়ে যায়নি। ই'দাদ করতেই হবে। এদের চোখের সামনে বা এদের চোখে ধূলা দিয়ে ই'দাদ চালিয়ে যেতে হবে। এতে চূড়ান্ত যুদ্ধ শুরু হতে হয়তো অনেক দেরী হবে, কিন্তু কাজ এভাবেই আগাতে হবে।

'ই'দাদ কীভাবে করব'? এর জওয়াবে বলব, মা'যুর ব্যতীত বাকি সকল মুসলমান পুরুষকে দু'ভাগে ভাগ করতে পারি:

১. যারা হক জিহাদি তানজীমের সাথে যুক্ত হতে পেরেছে।

২. যারা হক তানজীম খুঁজে পায়নি বা পেয়েছে কিন্তু বিভিন্ন প্রতিবন্ধকতার কারণে এখনো যুক্ত হতে পারেনি।

যারা তানজীমের সাথে যুক্ত হতে পেরেছে, তারা তানজীমের নির্দেশনা মত ই'দাদ করবে।

আর যারা তানজীমের সাথে যুক্ত হতে পারেনি, তারা তানজীম খুঁজতে থাকবে বা আগে খোঁজ পেয়ে থাকলে সকল প্রতিবন্ধকতা দূর করে তানজীমের সাথে যুক্ত হয়ে যাবে। এরপর তানজীম যেভাবে নির্দেশনা দেয় সেভাবে ই'দাদ করবে। তবে তানজীমে যুক্ত হতে পারার আগ পর্যন্ত তাদেরকে সামর্থ্যানুযায়ী ই'দাদ চালিয়ে যেতে হবে।

তানজীমে যুক্ত হতে পারার আগ পর্যন্ত ই'দাদ কীভাবে করে যাব ?

ই'দাদ একটি ব্যাপক বিষয়। তানজীমের সাথে যুক্ত হতে পারার আগেও ই'দাদের অনেক কিছু করা যায়। ই'দাদের প্রাথমিক কাজগুলো এখানেই সম্পন্ন করে ফেলা যায়। তাগুতের চোখের সামনেই এগুলো করা যায়, কিংবা তাগুতের চোখকে একটু ফাঁকি দিলেই করা যায়। নিম্নে এ ব্যাপারে সামান্য ধারণা দেয়া হল:

১. জিহাদের প্রয়োজনীয় ইলম হাসিল করা। ফিতান সংক্রান্ত হাদিসগুলো ভালভাবে অধ্যয়ন করা। পাশাপাশি দ্বীনের অন্যান্য বিষয় যেগুলো তার প্রয়োজন যেমন- নামায, রোযা, যাকাত, বিবাহ, তালাক ইত্যাদী সংক্রান্ত প্রয়োজনীয় ইলম হাসিল করা, যাতে তানজীমে যুক্ত হয়ে যাওয়ার পর আর এগুলোতে সময় ব্যয় করতে না হয়।

২. কুরআনে কারীম সহী শুদ্ধভাবে তিলাওয়াত করতে শিখা, যাতে পরে আর এতে সময় দিতে না হয়।

৩. কষ্টসহিষ্ণু হওয়া।

৪. দীর্ঘ সময় উপবাস থাকায় অভ্যস্ত হওয়া।

৫. দীর্ঘ হাঁটার অভ্যাস করা।

৬. দৌড়ার অভ্যাস করা।

৭. ভারী বোঝা বহনে অভ্যস্ত হওয়া।

৮. রান্না বান্নার কাজ শিখা।

৯. গরু, ছাগল, হাঁস, মুরগী ইত্যাদী জবাই ও তার পরবর্তী কাজগুলো সুচারুরূপে আঞ্জাম দিতে পারদর্শী হওয়া।

১০. সাইকেল, মোটর সাইকেল, প্রাইভেটকার ইত্যাদী যান চালাতে শিখা।

১১. মোবাইল, কম্পিউটার, ল্যাপটপ... ইত্যাদী আধুনিক যন্ত্রপাতি যেগুলো জিহাদের কাজে ব্যবহার করা হয় সেগুলোর ব্যবহারবিধি, কারিগরি ইত্যাদীতে পারদর্শী হওয়া।

১২. ইলেকট্রিক মিডিয়া ও প্রিন্ট মিডিয়া উভয়টাতে অভিজ্ঞ হওয়া।

অনেকে এসব বিষয়কে দুনিয়াবী বিষয় মনে করে সেগুলো থেকে দূরে থাকেন। এটা ঠিক নয়। আধুনিক প্রযুক্তি ব্যতীত জিহাদ সম্ভব নয়। বরং বলা হয়, মিডিয়া জিহাদের অর্ধেক বা তারও বেশি। কাজেই আধুনিক প্রযুক্তিকে দাজ্জালের আবিষ্কার মনে করে সেগুলো থেকে দূরে থাকা ফরয ই'দাদে ত্রুটি করার নামান্তর। তবে এক্ষেত্রে অবশ্যই কার ক্ষেত্রে কোনটা প্রয়োজন আর কোনটার প্রয়োজন নেই সেটার প্রতি লক্ষ্য রাখতে হবে। তদ্রূপ এগুলোর ক্ষতিকর দিকগুলোও পরিহার করতে হবে।

১৩. সম্ভব হলে মার্শাল আর্ট, কারাতি, কুংফু ইত্যাদী শিখা। সম্ভব না হলে অন্তত যেসব শারীরিক কসরত সম্ভব সেগুলো করে যাওয়া।

১৪. সাঁতারে পারদর্শী হওয়া।

১৫. ঠান্ডা-গরম সব ধরণের পরিবেশে খাপ খেয়ে চলতে পারায় অভ্যস্ত হওয়া।

১৬. প্রাথমিক চিকিৎসা আয়ত্ব করা।

এছাড়াও আরো অন্যান্য বিষয় যেগুলো জিহাদের কাজে প্রয়োজন হবে, সামর্থ্য অনুযায়ী সেগুলো আয়ত্ব করে নেয়া।

উল্লেখ্য যে, ই'দাদের বিষয়গুলোতে বাস্তবিকই পারদর্শী ও পারঙ্গম হতে হবে। এমন যেন না হয়, বুলি আওড়িয়ে গেলাম 'আমি সব পারি' কিন্তু প্রয়োজনের সময় পারলাম না। এ ধরণের কাজ নি:সন্দেহে ই'দাদে ত্রুটি বলে গণ্য হবে। আল্লাহ তাআলা আমাদেরকে নিফাক থেকে হিফাজত করুন!

জিহাদ কি হজ্বের মতো ?

আমরা ই'দাদের ব্যাপারে প্রচলিত ১ নং সংশয় নিরসনের শেষ পর্যায়ে চলে এসেছি। এ সংশয়ের একটা বড় অংশ ছিল, 'জিহাদ হজ্বের মতো। হজ্বের সামর্থ্য না থাকলে যেমন হজ্ব ফরয হয় না, জিহাদের সামর্থ্য না থাকলেও জিহাদ ফরয হয় না। যার হজ্ব করার সামর্থ্য নেই, তার উপর যেমন হজ্বের জন্য অর্থ উপার্জন ফরয নয়, তদ্রূপ জিহাদের সামর্থ্য না থাকলেও জিহাদের জন্য ই'দাদ ফরয নয়।'

এই সংশয় নিরসনে কিছু আলোচনা আমরা আগে করে এসেছি। এখানে এর নিরসনে দু'টি পয়েন্ট সংক্ষিপ্তাকারে আলোচনা করব। আশাকরি এ থেকে জিহাদ ও হজ্বের পার্থক্যটা বুঝে এসে যাবে।

প্রথম পয়েন্ট:

হজ্ব ফরয করা হয়েছে ফিল হাল (উপস্থিত) সামর্থ্য থাকার শর্তে। ফিল হাল-উপস্থিত সময়ে যার হজ্ব করার সামর্থ্য আছে তার উপর হজ্ব ফরয, যার ফিল হাল সামর্থ্য নেই তার হজ্ব উপর ফরয নয়।

আল্লাহ তাআলা ইরশাদ করেন:

وَلِلّٰهِ عَلَى النَّاسِ حِجُّ الْبَيْتِ مَنِ اسْتَطَاعَ إِلَيْهِ سَبِيلًا

(সামর্থ্যবান মানুষের উপর আল্লাহর জন্য বায়তুল্লাহর হজ্জ করা ফরয।)

[আলে ইমরান : ৯৭]

আয়াতের مَنِ اسْتَطَاعَ إِلَيْهِ سَبِيلًا অংশে আল্লাহ তাআলা সুস্পষ্ট বলে দিয়েছেন, হজ্ব ফরয হওয়ার জন্য সামর্থ্য থাকা শর্ত। কাজেই হজ্ব করার মত প্রয়োজনীয় অর্থ সম্পদ যাদের নেই তাদের উপর হজ্ব ফরয নয়। আর যখন হজ্ব ফরযই নয়, তখন হজ্বের জন্য অর্থ সম্পদ উপার্জন করা ফরয হওয়ার তো কোন প্রশ্নই নেই। হ্যাঁ, কেউ যদি করে তাহলে সেটা তার ব্যক্তিগত ব্যাপার। শরীয়ত তার উপর হজ্বের জন্য অর্থ উপার্জন ফরয করেনি।

কিন্তু জিহাদের ব্যাপারটা এমন নয়। যেসব আয়াত ও হাদিসে জিহাদ ফরয করা হয়েছে, কিংবা জিহাদের অনুমতি দেয়া হয়েছে সেগুলোর কোথায় এই শর্ত করা হয়নি যে, ফিল হাল-উপস্থিত মূহুর্তে শত্রুকে পরাজিত করেতে পারার সামর্থ্য থাকলে জিহাদ ফরয নতুবা ফরয নয়। বরং মা'যুর ব্যতীত বাকি সকলের উপর জিহাদ ফরয করা হয়েছে। (মা'যুর কারা এ সম্পর্কে আমি আলোচনা করে এসেছি।) যদি সামর্থ্য না থাকে তাহলে ই'দাদের আদেশ দেয়া হয়েছে, যেমনটা আমি ইতিপূর্বে আলোচনা করে এসেছি। কিন্তু হজ্ব একতো সামর্থ্য না

থাকলে ফরযই করা হয়নি, দ্বিতীয়ত হজ্বের জন্য অর্থ উপার্জন করে হজ্বের সামর্থ্য অর্জনের আদেশও দেয়া হয়নি । কাজেই জিহাদকে হজ্বের সাথে তুলনা করা শরীয়ত সম্পর্কে অজ্ঞতার প্রমাণ।

এবার আসুন আমরা যেসব আয়াতে জিহাদ ফরয করা হয়েছে কিংবা জিহাদের অনুমতি দেয়া হয়েছে সেগুলোর দিকে লক্ষ্য করে দেখি, কোথাও ফিল হাল-উপস্থিত সময়ে শত্রুকে পরাজিত করতে পারার মত পর্যাপ্ত শক্তি বিদ্যমান থাকাকে শর্ত করা হয়েছি কি'না।

সূরা বাক্বারা:

وَقَاتِلُوا فِي سَبِيلِ اللَّهِ الَّذِينَ يُقَاتِلُونَكُمْ وَلَا تَعْتَدُوا إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْمُعْتَدِينَ ﴿١٩٠﴾ وَاقْتُلُوهُمْ حَيْثُ ثَقِفْتُمُوهُمْ وَأَخْرِجُوهُمْ مِنْ حَيْثُ أَخْرَجُوكُمْ وَالْفِتْنَةُ أَشَدُّ مِنَ الْقَتْلِ وَلَا تُقَاتِلُوهُمْ عِنْدَ الْمَسْجِدِ الْحَرَامِ حَتَّى يُقَاتِلُوكُمْ فِيهِ فَإِنْ قَاتَلُوكُمْ فَاقْتُلُوهُمْ كَذَلِكَ جَزَاءُ الْكَافِرِينَ ﴿١٩١﴾ فَإِنِ انْتَهَوْا فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ﴿١٩٢﴾ وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلَّهِ فَإِنِ انْتَهَوْا فَلَا عُدْوَانَ إِلَّا عَلَى الظَّالِمِينَ ﴿١٩٣﴾

"১৯০.আর তোমরা আল্লাহর রাস্তায় তাদের বিরুদ্ধে লড়াই কর, যারা তোমাদের বিরুদ্ধে লড়াই করে এবং সীমালঙ্ঘন করো না। নিশ্চয় আল্লাহ সীমালঙ্ঘনকারীদেরকে পছন্দ করেন না।

১৯১.তাদেরকে হত্যা কর যেখানে তাদেরকে পাও এবং তাদেরকে বের করে দাও যেখান থেকে তারা তোমাদেরকে বের করেছিল। বস্তুত ফিতনা হত্যা অপেক্ষা গুরুতর অপরাধ। আর তোমরা মাসজিদুল হারামের নিকট তাদের সাথে লড়াই করো না, যতক্ষণ না তারা নিজেরা সেখানে তোমাদের সঙ্গে লড়াই শুরু করে। অতঃপর তারা যদি তোমাদের বিরুদ্ধে লড়াই করে, তবে তাদেরকে হত্যা কর। এটাই কাফিরদের প্রতিদান।

১৯২. অত:পর তারা যদি নিরস্ত হয়, তবে নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

১৯৩. তোমরা তাদের বিরুদ্ধে লড়াই করতে থাক যে পর্যন্ত না ফিতনা খতম হয়ে যায় এবং দীন আল্লাহর জন্য হয়ে যায়। অত:পর তারা যদি বিরত হয়, তাহলে (জেনে রাখ) যালিমরা ছাড়া কারো উপর কোন কঠোরতা নেই।"

وَقَاتِلُوا فِي سَبِيلِ اللَّهِ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ سَمِيعٌ عَلِيمٌ ﴿٢٤٤﴾

"২৪৪. আর তোমরা আল্লাহর রাস্তায় লড়াই কর এবং জেনে রাখ নিশ্চয় আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।"

وَلَوْلَا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَفَسَدَتِ الْأَرْضُ وَلَكِنَّ اللَّهَ ذُو فَضْلٍ عَلَى الْعَالَمِينَ ﴿٢٥١﴾

"২৫১. আর আল্লাহ যদি মানুষের কতককে কতকের দ্বারা প্রতিহত না করতেন, তবে অবশ্যই যমীন ফাসাদপূর্ণ হয়ে যেত। কিন্তু আল্লাহ জগতসমূহের প্রতি অতি অনুগ্রহশীল।"

সূরা নিসা:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا خُذُوا حِذْرَكُمْ فَانْفِرُوا ثُبَاتٍ أَوِ انْفِرُوا جَمِيعًا ﴿٧١﴾

"৭১. হে মুমিনগণ, তোমরা তোমাদের আত্নরক্ষার উপকরণ সঙ্গে রাখ। অতঃপর ক্ষুদ্র ক্ষুদ্র দল হয়ে বের হও অথবা একসাথে বের হও।"

فَلْيُقَاتِلْ فِي سَبِيلِ اللَّهِ الَّذِينَ يَشْرُونَ الْحَيَاةَ الدُّنْيَا بِالْآخِرَةِ وَمَنْ يُقَاتِلْ فِي سَبِيلِ اللَّهِ فَيُقْتَلْ أَوْ يَغْلِبْ فَسَوْفَ نُؤْتِيهِ أَجْرًا عَظِيمًا ﴿٧٤﴾

وَمَا لَكُمْ لَا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا وَاجْعَل لَنَا مِنْ لَدُنْكَ وَلِيًّا وَاجْعَل لَنَا مِنْ لَدُنْكَ نَصِيرًا ﴿٧٥﴾
الَّذِينَ آمَنُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ الطَّاغُوتِ فَقَاتِلُوا أَوْلِيَاءَ الشَّيْطَانِ إِنَّ كَيْدَ الشَّيْطَانِ كَانَ ضَعِيفًا ﴿٧٦﴾

"৭৪. সুতরাং যারা আখিরাতের বিনিময়ে দুনিয়ার জীবন বিক্রয় করে তারা যেন আল্লাহর রাস্তায় লড়াই করে। আর যে আল্লাহর রাস্তায় লড়াই করবে অতঃপর সে নিহত হোক কিংবা বিজয়ী, অচিরেই আমি তাকে দেব মহা পুরস্কার।
৭৫. আর তোমাদের কী হল যে, তোমরা আল্লাহর রাস্তায় লড়াই করছ না ঐ সকল দুর্বল পুরুষ, নারী ও শিশুদের (কে মুক্ত করার) জন্য, যারা বলছে, 'হে আমাদের রব, আমাদেরকে বের করুন এ জনপদ থেকে' যার অধিবাসীরা যালিম এবং আমাদের জন্য আপনার পক্ষ থেকে একজন অভিভাবক নির্ধারণ করুন। আর নির্ধারণ করুন আপনার পক্ষ থেকে একজন সাহায্যকারী।
৭৬. যারা ঈমান এনেছে তারা লড়াই করে আল্লাহর রাস্তায়, আর যারা কুফরী করেছে তারা লড়াই করে তাগূতের পথে। সুতরাং তোমরা লড়াই কর শয়তানের বন্ধুদের বিরুদ্ধে। নিশ্চয় শয়তানের চক্রান্ত দুর্বল।"

فَقَاتِلْ فِي سَبِيلِ اللَّهِ لَا تُكَلَّفُ إِلَّا نَفْسَكَ وَحَرِّضِ الْمُؤْمِنِينَ عَسَى اللَّهُ أَنْ يَكُفَّ بَأْسَ الَّذِينَ كَفَرُوا وَاللَّهُ أَشَدُّ بَأْسًا وَأَشَدُّ تَنْكِيلًا ﴿٨٤﴾

"৮৪. অতএব তুমি আল্লাহর রাস্তায় লড়াই কর। তুমি শুধু তোমার নিজের ব্যাপারে দায়িত্বপ্রাপ্ত এবং মুমিনদেরকে উদ্বুদ্ধ কর। আশা করা যায় আল্লাহ অচিরেই কাফিরদের শক্তি প্রতিহত করবেন। আর আল্লাহ শক্তিতে প্রবলতর এবং শাস্তি দানে কঠোরতর।"

সূরা মায়েদা:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا مَنْ يَرْتَدَّ مِنْكُمْ عَنْ دِينِهِ فَسَوْفَ يَأْتِي اللَّهُ بِقَوْمٍ يُحِبُّهُمْ وَيُحِبُّونَهُ أَذِلَّةٍ عَلَى الْمُؤْمِنِينَ أَعِزَّةٍ عَلَى الْكَافِرِينَ يُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ وَلَا يَخَافُونَ لَوْمَةَ لَائِمٍ ذَلِكَ فَضْلُ اللَّهِ يُؤْتِيهِ مَنْ يَشَاءُ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ ﴿٥٤﴾

"৫৪. হে মুমিনগণ, তোমাদের মধ্যে যে ব্যক্তি তার দীন থেকে ফিরে যাবে তাহলে অচিরেই আল্লাহ এমন কওমকে আনবেন, যাদেরকে তিনি ভালবাসবেন এবং তারা তাঁকে ভালবাসবে। তারা মুমিনদের উপর বিনম্র এবং কাফিরদের উপর কঠোর হবে। আল্লাহর রাস্তায় তারা জিহাদ করবে এবং কোন কটাক্ষকারীর কটাক্ষকে ভয় করবে না। এটি আল্লাহর অনুগ্রহ, যাকে ইচ্ছা তিনি তাকে তা দান করেন। আর আল্লাহ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।"

সূরা আনফাল:

وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ فَإِنِ انْتَهَوْا فَإِنَّ اللَّهَ بِمَا يَعْمَلُونَ بَصِيرٌ (৩৯) وَإِنْ تَوَلَّوْا فَاعْلَمُوا أَنَّ اللَّهَ مَوْلَاكُمْ نِعْمَ الْمَوْلَى وَنِعْمَ النَّصِيرُ (৪০)

“৩৯. আর তোমরা তাদের বিরুদ্ধে লড়াই করতে থাক যতক্ষণ না ফিতনার অবসান হয় এবং দীন পূর্ণরূপে আল্লাহর জন্য হয়ে যায়। তবে যদি তারা বিরত হয় তাহলে নিশ্চয় আল্লাহ তারা যা করে তার সম্যক দ্রষ্টা।
৪০. আর যদি তারা পৃষ্ঠ প্রদর্শন করে, তাহলে জেনে রাখ, নিশ্চয় আল্লাহ তোমাদের অভিভাবক। তিনি কতইনা উত্তম অভিভাবক এবং কতইনা উত্তম সাহায্যকারী।”

يَاأَيُّهَا النَّبِيُّ حَرِّضِ الْمُؤْمِنِينَ عَلَى الْقِتَالِ (৬৫)

“৬৫.হে নবী, তুমি মুমিনদেরকে লড়াইয়ে উৎসাহ দাও।”

সূরা তাওবা:

فَإِذَا انْسَلَخَ الْأَشْهُرُ الْحُرُمُ فَاقْتُلُوا الْمُشْرِكِينَ حَيْثُ وَجَدْتُمُوهُمْ وَخُذُوهُمْ وَاحْصُرُوهُمْ وَاقْعُدُوا لَهُمْ كُلَّ مَرْصَدٍ فَإِنْ تَابُوا وَأَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ فَخَلُّوا سَبِيلَهُمْ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ(৫)

“৫. অতঃপর যখন নিষিদ্ধ মাসগুলো অতিবাহিত হয়ে যাবে, তখন তোমরা মুশরিকদেরকে যেখানেই পাও হত্যা কর এবং তাদেরকে পাকড়াও কর, তাদেরকে অবরোধ কর এবং তাদের জন্য প্রতিটি ঘাঁটিতে বসে থাক। তবে যদি তারা তাওবা করে এবং সালাত কায়েম করে, আর যাকাত দেয়, তাহলে তাদের পথ ছেড়ে দাও। নিশ্চয় আল্লাহ বড়ই ক্ষমাশীল, পরম দয়ালু।”

وَإِنْ نَكَثُوا أَيْمَانَهُمْ مِنْ بَعْدِ عَهْدِهِمْ وَطَعَنُوا فِي دِينِكُمْ فَقَاتِلُوا أَئِمَّةَ الْكُفْرِ إِنَّهُمْ لَا أَيْمَانَ لَهُمْ لَعَلَّهُمْ يَنْتَهُونَ (১২) أَلَا تُقَاتِلُونَ قَوْمًا نَكَثُوا أَيْمَانَهُمْ وَهَمُّوا بِإِخْرَاجِ الرَّسُولِ وَهُمْ بَدَءُوكُمْ أَوَّلَ مَرَّةٍ أَتَخْشَوْنَهُمْ فَاللَّهُ أَحَقُّ أَنْ تَخْشَوْهُ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ (১৩) قَاتِلُوهُمْ يُعَذِّبْهُمُ اللَّهُ بِأَيْدِيكُمْ وَيُخْزِهِمْ وَيَنْصُرْكُمْ عَلَيْهِمْ وَيَشْفِ صُدُورَ قَوْمٍ مُؤْمِنِينَ (১৪) وَيُذْهِبْ غَيْظَ قُلُوبِهِمْ وَيَتُوبُ اللَّهُ عَلَى مَنْ يَشَاءُ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ (১৫) أَمْ حَسِبْتُمْ أَنْ تُتْرَكُوا وَلَمَّا يَعْلَمِ اللَّهُ الَّذِينَ جَاهَدُوا مِنْكُمْ وَلَمْ يَتَّخِذُوا مِنْ دُونِ اللَّهِ وَلَا رَسُولِهِ وَلَا الْمُؤْمِنِينَ وَلِيجَةً وَاللَّهُ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ(১৬)

“১২. আর যদি তারা চুক্তি সম্পন্ন করার পর নিজেদের প্রতিশ্রুতি ভঙ্গ করে এবং তোমাদের দীন সম্পর্কে কটূক্তি করে, তাহলে তোমরা কুফরের এ সকল নেতৃবর্গের বিরুদ্ধে তোমরা লড়াই কর যেন তারা বিরত হয়। নিশ্চয় তারা এমন লোক যাদের প্রতিশ্রুতির কোনও মূল্য নেই।
১৩. তোমরা কেন এমন কওমের বিরুদ্ধে যুদ্ধ কর না, যারা নিজেদের প্রতিশ্রুতি ভঙ্গ করেছে এবং রাসূলকে বহিষ্কার করার ইচ্ছা পোষণ করেছে, আর তারাই প্রথমে তোমাদের সাথে আরম্ভ করেছে। তোমরা কি তাদেরকে ভয় করছ? অথচ আল্লাহ অধিক উপযুক্ত যে, তোমরা তাঁকে ভয় করবে, যদি তোমরা মুমিন হও।
১৪. তোমরা তাদের সাথে লড়াই কর, আল্লাহ তোমাদের হাতে তাদেরকে আযাব দেবেন এবং তাদেরকে অপদস্থ করবেন, আর তোমাদেরকে তাদের বিরুদ্ধে সাহায্য করবেন এবং মুমিন কওমের অন্তর জুড়িয়ে দেবেন।
১৫. আর তাদের অন্তরের ক্ষোভ দূর করবেন। আল্লাহ যাকে চান তার তাওবা কবুল করেন। আর আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়।

১৬. তোমরা কি মনে করেছ যে, তোমাদেরকে ছেড়ে দেয়া হবে? অথচ এখনও আল্লাহ যাচাই করেননি যে, তোমাদের মধ্যে কারা জিহাদ করেছে এবং কারা আল্লাহ, তাঁর রাসূল ও মুমিনগণ ছাড়া কাউকে বন্ধুরূপে গ্রহণ করেনি। আর তোমরা যা কর আল্লাহ সে সম্পর্কে সম্যক জ্ঞাত।”

قَاتِلُوا الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَلَا بِالْيَوْمِ الْآخِرِ وَلَا يُحَرِّمُونَ مَا حَرَّمَ اللَّهُ وَرَسُولُهُ وَلَا يَدِينُونَ دِينَ الْحَقِّ مِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ حَتَّى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَهُمْ صَاغِرُونَ(২৯)

“২৯. তোমরা লড়াই কর আহলে কিতাবের সে সব লোকের সাথে যারা আল্লাহ ও শেষ দিবসে ঈমান রাখে না এবং আল্লাহ ও তাঁর রাসূল যা হারাম করেছেন তা হারাম মনে করে না, আর সত্য দীন গ্রহণ করে না, যতক্ষণ না তারা স্বহস্তে নত হয়ে জিযিয়া দেয়।”

إِنَّ عِدَّةَ الشُّهُورِ عِنْدَ اللَّهِ اثْنَا عَشَرَ شَهْرًا فِي كِتَابِ اللَّهِ يَوْمَ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ مِنْهَا أَرْبَعَةٌ حُرُمٌ ذَلِكَ الدِّينُ الْقَيِّمُ فَلَا تَظْلِمُوا فِيهِنَّ أَنْفُسَكُمْ وَقَاتِلُوا الْمُشْرِكِينَ كَافَّةً كَمَا يُقَاتِلُونَكُمْ كَافَّةً وَاعْلَمُوا أَنَّ اللَّهَ مَعَ الْمُتَّقِينَ(৩৬)

“৩৬. নিশ্চয় মাসসমূহের গণনা আল্লাহর কাছে বার মাস আল্লাহর কিতাবে, (সেদিন থেকে) যেদিন তিনি আসমান ও যমীন সৃষ্টি করেছেন। এর মধ্য থেকে চারটি সম্মানিত, এটাই প্রতিষ্ঠিত দীন। সুতরাং তোমরা এ মাসসমূহে নিজদের উপর কোন যুলুম করো না, আর তোমরা সকলে মুশরিকদের সাথে লড়াই কর যেমনিভাবে তারা সকলে তোমাদের সাথে লড়াই করে, আর জেনে রাখ, নিশ্চয় আল্লাহ মুত্তাকীদের সাথে আছেন।”

